# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Chaitra 02, 1432 Bangla, March 16, 2026, Monday, No. 75, 56th year

# H I G H L I G H T S

Mirza Abbas, political adviser to PM Tarique Rahman and a member of the BNP standing committee, has been admitted to Singapore General Hospital, where he is receiving treatment in the ICU. [Jago FM: 17]

Home Minister Salahuddin Ahmed has said no Constitutional Reform Council exists constitutionally and the President has not convened any session of the Reform Council. [BBC: 03]

Opposition Leader of the House and Jamaat-e-Islami Ameer Shafiqur Rahman has said the ongoing crisis regarding July Charter & Constitution Reform Council session must be resolved in parliament. [Jago FM: 16]

The full verdict of the Appellate Division of the Supreme Court of Bangladesh on restoring the caretaker government system has been published. [Jago FM: 10]

West Bengal Police in India have announced that they have arrested another person in the murder case of Inquilab Manch leader Osman Hadi. [BBC: 03]

Commerce Minister Khandaker Abdul Muktadir has assured consumers that there is no reason to panic over edible oil, saying there is an adequate supply of the essential commodity in country. [Jago FM: 15]

The government has withdrawn the rationing system for fuel sales, allowing filling stations across the country to resume normal operations from Sunday. [BBC: 03]

US President Donald Trump has called on countries affected by blockade of the Strait of Hormuz to send warships to the vital oil route. [NHK: 07]

President Donald Trump has said Iran wants to make a deal with the US to end the war but he's not interested to make a deal. [BBC: 06]

**Director: 44813046** **Deputy News Controller: 44813048, 44813179** **Assistant News Controller: 44813047, 44813178**

# দৈনিক মনিটরিং রিপোর্ট

## মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা

## চৈত্র ০২, বাংলা ১৪৩২, মার্চ ১৬, ২০২৬, সোমবার, নং- ৭৫, ৫৬তম বছর

# শিরোনাম

উন্নত চিকিৎসার জন্য প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাসকে সিঙ্গাপুরে নেওয়া হয়েছে। সিঙ্গাপুর জেনারেল হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে তার চিকিৎসা চলছে। [জাগো এফএম: ১৭]

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, সাংবিধানিকভাবে সংবিধান সংস্কার পরিষদের কোনো অস্তিত্ব নেই এবং রাষ্ট্রপতি সংস্কার পরিষদের কোনো অধিবেশন আহ্বান করেননি। [বিবিসি: ০৩]

জুলাই সনদ ও সংবিধান সংস্কার পরিষদ অধিবেশন নিয়ে সৃষ্ট জটিলতার সমাধান সংসদেই করতে হবে বলে মন্তব্য করছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। [জাগো এফএম: ১৬]

সংবিধানে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বহাল করে সুপ্রিম কোর্টের আপিল বিভাগের দেওয়া রায় প্রকাশ করা হয়েছে। [জাগো এফএম: ১০]

ভারতের পশ্চিমবঙ্গ পুলিশ জানিয়েছে যে, ইনকিলাব মঞ্চের নেতা ওসমান হাদির হত্যা মামলায় তারা আরও একজনকে গ্রেফতার করেছে। [বিবিসি: ০৩]

ভোজ্যতেল নিয়ে আতঙ্কিত হওয়ার কারণ নেই --- জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আবদুল মুক্তাদির। তিনি বলেন, দেশে ভোজ্যতেলের সরবরাহ স্বাভাবিক রয়েছে। [জাগো এফএম: ১৫]

জ্বালানি তেল বিক্রির ক্ষেত্রে চালু থাকা রেশনিং ব্যবস্থা প্রত্যাহার করা হয়েছে। দেশের সব ফিলিং স্টেশনে আগের মতোই স্বাভাবিকভাবে গ্রাহকদের চাহিদা অনুযায়ী জ্বালানি তেল সরবরাহ ও বিক্রি চলবে। [বিবিসি: ০৩]

হরমুজ প্রণালির কার্যত অবরোধের কারণে ক্ষতিগ্রস্ত দেশগুলোকে গুরুত্বপূর্ণ এই তেলের রুটে সামরিক জাহাজ পাঠানোর আহ্বান জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। [এনএইচকে: ০৭]

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, যুদ্ধ শেষ করার জন্য ইরান আমেরিকার সাথে একটি সমঝোতায় আসতে চায়। ট্রাম্প বলেছেন, ইরান সমঝোতায় আসতে চাইলেও তিনি এতে আগ্রহী নন। [বিবিসি: ০৬]

# বিবিসি

## ওসমান হাদি হত্যা মামলায় তৃতীয় গ্রেফতার পশ্চিমবঙ্গে

ভারতের পশ্চিমবঙ্গ পুলিশ জানিয়েছে যে, বাংলাদেশের ইনকিলাব মঞ্চের নেতা ওসমান হাদির হত্যা মামলায় তারা আরও একজনকে গ্রেফতার করেছে। এক প্রেস বিজ্ঞপ্তি দিয়ে রাজ্য পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স বা এসটিএফ বলেছে, ফিলিপ সাংমা নামে এক বাংলাদেশি নাগরিককে তারা শনিবার নদীয়া জেলার শান্তিপুর থেকে গ্রেফতার করেছে। এর আগেই ওসমান হাদি হত্যাকাণ্ডে আটক দুই অভিযুক্ত- ফয়সাল ও আলমগীরকে জেরা কারে পুলিশ জানতে পারে যে, ফিলিপ সাংমা নামের ওই বাংলাদেশি নাগরিকই তাদের সীমান্ত পেরিয়ে ভারতের মেঘালয়ে প্রবেশে সহায়তা করে। পরে মি. সাংমা নিজেও ভারতে চলে আসেন। ওই তথ্যের ভিত্তিতেই স্পেশাল টাস্ক ফোর্স শনিবার সকালে শান্তিপুর বাইপাস এলাকা থেকে তাকে আটক করে। পুলিশ প্রেস বিজ্ঞপ্তিতে দাবি করেছে, মি. সাংমা প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানিয়েছেন যে, তিনি সীমান্ত পারাপারের দালালের কাজ করেন এবং অর্থের বিনিময়ে বাংলাদেশের হালুয়াঘাট থেকে মেঘালয়ের ডালুপাড়া সীমান্ত হয়ে অনুপ্রবেশে সাহায্য করে থাকেন। তিনি এও জানিয়েছেন যে, মি. ফয়সাল ও মি. আলমগীরকে তিনিই সীমান্ত পেরোতে সাহায্য করেছিলেন, দাবি করেছে পশ্চিমবঙ্গ পুলিশ। বাংলাদেশে পুলিশের চাপ বাড়তে থাকায় তিনি নিজেও এক সময়ে সীমান্ত পেরিয়ে ভারতে চলে আসেন এবং বিভিন্ন জায়গায় থাকছিলেন। তবে এখন তিনি বাংলাদেশে ফিরে যাওয়ার চেষ্টা করছিলেন বলে জানিয়েছে পশ্চিমবঙ্গের পুলিশ। তাকে শনিবারই আদালতে তোলা হয় এবং আরও তদন্তের স্বার্থে তাকে পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

(বিবিসি ওয়েব পেজ: ১৫.০৩.২০২৬ এলিনা)

## মীর্জা আব্বাসকে সিঙ্গাপুরে নেওয়া হচ্ছে

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা মীর্জা আব্বাসের উন্নত চিকিৎসার জন্য আজ তাকে সিঙ্গাপুরে নেওয়া হচ্ছে। রোববার তাকে বহন করার জন্য একটি এয়ার অ্যাম্বুলেন্স ঢাকায় শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এসে পৌঁছেছে। মীর্জা আব্বাসের ব্যক্তিগত সচিব মিজানুর রহমান সোহেল গণমাধ্যমকে জানিয়েছেন, বেলা ১২টার দিকে তাকে নিয়ে ঢাকা থেকে সিঙ্গাপুরের উদ্দেশ্যে রওয়ানা করার কথা রয়েছে। পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে, মি. আব্বাসের সাথে তার স্ত্রী এবং তাদের বড়ো সন্তান সিঙ্গাপুরে সঙ্গে যাবেন। গত ১১ মার্চ ঢাকা-৮ আসনের সংসদ সদস্য মি. আব্বাস ইফতারের সময় হঠাৎ জ্ঞান হারিয়ে ফেললে তাকে ঢাকার এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে দুই দফায় তার মস্তিষ্কে অস্ত্রোপচার হয়। কিন্তু পরিস্থিতির উন্নতি না হওয়ায় শনিবার তাকে সিঙ্গাপুর নিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেয়া হয়। এর মধ্যে প্রধানমন্ত্রী তারেক রহমান, বিরোধীদলীয় নেতা শফিকুর রহমানসহ দেশের রাজনৈতিক নেতৃবৃন্দ তাকে হাসপাতালে দেখতে গেছেন।

(বিবিসি ওয়েব পেজ: ১৫.০৩.২০২৬ এলিনা)

## সাংবিধানিকভাবে সংবিধান সংস্কার পরিষদের কোনো অস্তিত্ব নেই : সালাহউদ্দিন আহমদ

বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য ও স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, সাংবিধানিকভাবে সংবিধান সংস্কার পরিষদের কোনো অস্তিত্ব নেই এবং রাষ্ট্রপতি সংস্কার পরিষদের কোনো অধিবেশন আহ্বান করেননি। দুইদিন বিরতির পর জাতীয় সংসদের অধিবেশন আবার বসেছে আজ রোববার। এই অধিবেশনে যোগ দেওয়ার আগে সাংবাদিকদের প্রশ্নের জবাবে সংবিধান সংস্কার পরিষদ নিয়ে কথা বলেছেন মন্ত্রী মি. আহমদ। তিনি এ-ও বলেছেন, "গণভোটের রায় হিসেবে সংবিধানে ধারণ করতে হলে আগে সংবিধান সংশোধনী হতে হবে। সেটা সংসদে আলাপ-আলোচনা হবে। সংবিধান সংশোধন হলে সে মতে সংবিধানে ধারণ হবে। তারপরে যদি পরিষদ হয়, তারপরে যদি ফরম হয়, শপথ গ্রহণ করতে হয়, সেটা পরের ব্যাপার।" বিএনপি নেতা সালাহউদ্দিন আহমদ বলেন, মহামান্য রাষ্ট্রপতি অধিবেশন আহ্বান করেছেন জাতীয় সংসদের, তিনি সংস্কার পরিষদের কোনো অধিবেশন আহ্বান করেননি। "আমরা জাতীয় সংসদের অধিবেশনে অংশগ্রহণ করছি সাংবিধানিকভাবে। এখন জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার পরিষদ) সেটার সদস্য হিসেবে কেউ কেউ শপথ নিয়েছেন। এটার সাংবিধানিক বৈধতা চ্যালেঞ্জ হয়েছে, যা মনে হয় জুডিশিয়ারিতে আছে, সেটা জুডিশিয়ারির বিষয়। তবে সাংবিধানিকভাবে সেরকম কোনো পরিষদের অস্তিত্ব আমাদের সামনে নেই,„ বলেছেন মি. আহমদ।(বিবিসি ওয়েব পেজ: ১৫.০৩.২০২৬ এলিনা)

## আজ থেকে জ্বালানি রেশনিং পদ্ধতি বন্ধ : জ্বালানি প্রতিমন্ত্রী

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত বলেছেন, ঈদযাত্রায় ভোগান্তি কমাতে আজ ১৫ মার্চ থেকে থেকে জ্বালানি রেশনিং পদ্ধতি বন্ধ হচ্ছে। রোববার সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে প্রতিমন্ত্রী বলেন, "আজ থেকে জ্বালানি তেল বিক্রিতে কোনো রেশনিং থাকছে না। সবাই চাহিদামতো তেল কিনতে পারবেন।„ মধ্যপ্রাচ্যে যুদ্ধ পরিস্থিতি ঘিরে অনিশ্চয়তায় এর আগে গত ৬ মার্চ থেকে দেশে জ্বালানি তেল বিক্রিতে সীমা নির্ধারণ করে দেয় সরকার। সে সময় মোটরসাইকেলের জন্য দৈনিক দুই লিটার, স্পোর্টস ইউটিলিটি যান ও মাইক্রোবাসের জন্য ২০

থেকে ২৫ লিটার, পিকআপ ও লোকাল বাসের জন্য ৭০ থেকে ৮০ লিটার এবং দূরপাল্লার বাস, ট্রাক ও কাভার্ড ভ্যানের জন্য দৈনিক ২০০ থেকে ২২০ লিটার তেল বিক্রির সীমা নির্ধারণ করা হয়েছিল। রেশনিং ব্যবস্থার কারণে গত সপ্তাহ জুড়ে পেট্রোল পাম্পে গাড়ি এবং মোটরসাইকেলে দীর্ঘ সারি দেখা গেছে এবং জ্বালানি তেল সংগ্রহে সাধারণ গ্রাহকদের ব্যাপক ভোগান্তিতে পড়ার অভিযোগ ওঠে। পরে, গত সপ্তাহে মোটরসাইকেলের ক্ষেত্রে সীমা দুই লিটার থেকে বাড়িয়ে পাঁচ লিটার করা হয় এবং সব রেশনিং ২৫ শতাংশ থেকে কমিয়ে ১৫ শতাংশে নামানো হয়। রোববার সংবাদ সম্মেলনে এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী বলেন, জ্বালানির সংকট যাতে না হয়, তাই আমদানি বাড়াতে বিভিন্ন দেশের সঙ্গে আলোচনা চলছে।(বিবিসি ওয়েব পেজ: ১৫.০৩.২০২৬ এলিনা)

## ২৯ মার্চ পর্যন্ত সংসদ অধিবেশন মুলতবি করা হয়েছে

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন আগামী ২৯ মার্চ বিকেল ৩টা পর্যন্ত মুলতবি করেছেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। রোববার সকাল ১১টায় সংসদের প্রথম অধিবেশনের দ্বিতীয় দিনের বৈঠকের পর মুলতবি করা হলো। এর আগে, গত বৃহস্পতিবার এই ত্রয়োদশ জাতীয় সংসদ অধিবেশন বসে। সেদিন জামায়াত-এনসিপিসহ বিরোধীদলগুলোর ওয়াকআউটের মুখে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ভাষণ দেন। এখন সংসদের এই অধিবেশনের পরবর্তী কার্যদিবসগুলোতে রাষ্ট্রপতির ভাষণের ওপর আলোচনা হবে।(বিবিসি ওয়েব পেজ: ১৫.০৩.২০২৬ এলিনা)

## সংবিধান সংস্কার পরিষদের অস্তিত্ব নিয়ে প্রশ্ন

বাংলাদেশে অন্তর্বর্তী সরকারের সময়ে জারি করা জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন আদেশ অনুযায়ী সংবিধান সংস্কার পরিষদের অধিবেশন ডাকার জন্য আজ শেষ দিন হলেও সরকার বলেছে, এ ধরনের কোনো পরিষদ করতে হলে আগে সংবিধান সংশোধন করতে হবে। ফলে দেশটির রাজনীতিতে সাম্প্রতিক সময়ের অন্যতম আলোচিত ইস্যু সংবিধান সংস্কার পরিষদ নামে কিছু আর আপাতত হচ্ছে না বলেই ধারণা করা হচ্ছে। যদিও জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন বিরোধী ১১ দলীয় জোট আজ রোববারের মধ্যে সংবিধান সংস্কার পরিষদের অধিবেশন ডাকা না হলে রাজপথে আন্দোলনের হুমকি দিয়েছে। বিরোধী দলীয় নেতা হিসেবে জামায়াতের আমির শফিকুর রহমান আজ বিষয়টি সংসদে উত্থাপন করলেও জবাবে সরকারের পক্ষে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, সংবিধান সংস্কার পরিষদ করতে হলে আগে সংসদে আলোচনার মাধ্যমে সংবিধান সংশোধন করতে হবে। কিন্তু সেটি সংসদের চলতি অধিবেশন কিংবা এর পরবর্তী অধিবেশনেও করা সম্ভব হবে কি-না, তা নিয়ে তিনি সংশয় প্রকাশ করেছেন। ফলে জুলাই সনদ বাস্তবায়ন আদেশ অনুযায়ী গণভোট হলেও সরকারি দল বিএনপির অনড় অবস্থানের কারণে শেষ পর্যন্ত সংবিধান সংস্কার পরিষদ ইস্যুটির আপাতত অবসান ঘটেছে বলেই অনেকের কাছে প্রতীয়মান হচ্ছে। রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমদ বলছেন, এখন এটি আর আদৌ রাজনৈতিক ইস্যু হতে পারবে কি-না, সেটি নির্ভর করবে বিরোধী দলগুলো এই ইস্যুকে প্রাসঙ্গিক রেখে কতটা জিইয়ে রাখতে পারেন তার ওপর।

### রাষ্ট্রপতির আদেশে কী ছিল

২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনা সরকারের পতনের পর অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে গঠিত জাতীয় ঐকমত্য কমিশনে রাজনৈতিক দলগুলোর ধারাবাহিক আলোচনার পর ২০২৫ সালের ১৭ অক্টোবর 'জুলাই জাতীয় সনদ ২০২৫' স্বাক্ষরিত হয়েছিল। একই বছরের ১৩ নভেম্বর জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫ গেজেট আকারে প্রকাশ করা হয়। পরে জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫ অনুসারে সংবিধান সংস্কার সম্পর্কিত কতিপয় প্রস্তাবের বিষয়ে জনগণের সম্মতি রয়েছে কি না, তা যাচাইয়ে ২৫ নভেম্বর গণভোট অধ্যাদেশ, ২০২৫ জারি করা হয়। তার ভিত্তিতে গত ১২ ফেব্রুয়ারি সংসদ নির্বাচনের দিন একই সাথে গণভোট অনুষ্ঠিত হয়েছে এবং তাতে `হ্যাঁ, ভোট জয়ী হয়েছে। নির্বাচনের পর জামায়াত নেতৃত্বাধীন জোটের নির্বাচিতরা সংসদ সদস্য ও সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নিলেও, বিএনপির নির্বাচিতরা শুধুমাত্র সংসদ সদস্য হিসেবেই শপথ নিয়েছেন। দলটি তখনই এর ব্যাখ্যা দিয়ে বলেছিল যে, সংবিধানে সংবিধান সংস্কার পরিষদ ও এর শপথের বিষয়ে কিছু নেই বলেই তারা শপথ নেয়নি। বিএনপি এখন বলছে, সংবিধান সংস্কার বিষয়ে রাষ্ট্রপতি যে আদেশ জারি করেছেন, সেটি অধ্যাদেশও নয়, আইনও নয়। আবার সংবিধান বিষয়ে রাষ্ট্রপতির এ ধরনের আদেশ জারিরই এখতিয়ার নাই বলে সংসদে বলেছেন সালাহউদ্দিন আহমদ। ওই আদেশের ৮ নম্বর অনুচ্ছেদে বলা হয়েছে, গণভোটে উপস্থাপিত প্রশ্নের উত্তর `হ্যাঁ, হলে সংসদ নির্বাচনের নির্বাচিত প্রতিনিধিদের সমন্বয়ে একটি সংবিধান সংস্কার পরিষদ গঠিত হবে, যা সংবিধান সংস্কার বিষয়ে গাঠনিক ক্ষমতা প্রয়োগ করতে পারবে। এতে আরও বলা হয়, নির্বাচিত প্রতিনিধিগণ একই সাথে জাতীয় সংসদের সদস্য হিসেবে এবং সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন।

আদেশটিতে পরিষদের অধিবেশন আহ্বান, কোরাম ও ভোটদান প্রসঙ্গে বলা হয়েছে, "সংসদ নির্বাচনের ফল ঘোষিত হইবার ৩০ পঞ্জিকা দিবসের মধ্যে যে পদ্ধতিতে জাতীয় সংসদের প্রথম অধিবেশন আহ্বান করা হবে, অনুরূপ পদ্ধতিতে পরিষদের প্রথম অধিবেশন আহ্বান করা হইবে„। এছাড়া, সংবিধান সংস্কার পরিষদ প্রথম অধিবেশন শুরুর তারিখ থেকে

১৮০ কার্যদিবসের মধ্যে জুলাই জাতীয় সনদ এবং গণভোটের ফলাফল অনুসারে সংবিধান সংস্কার সম্পন্ন করার কথা বলা হয়েছিল ওই আদেশে। কিন্তু গত ১২ ফেব্রুয়ারি সংসদ নির্বাচন ও গণভোটের পর রাষ্ট্রপতি সংসদের অধিবেশন ডাকলেও, সংবিধান সংস্কার পরিষদের অধিবেশন ডাকেননি।

**সংসদে শফিক ও সালাহউদ্দিন যা বললেন**

আজ রোববার বিষয়টি সংসদে উত্থাপন করেন জামায়াতের আমির শফিকুর রহমান। তিনি বলেন, জুলাই গণ-অভ্যুত্থানের প্রেক্ষাপটে এ সংসদ হয়েছে, এ সংসদ স্বাভাবিকভাবে আসেনি। ”এটি প্রেসিডেন্সিয়াল অর্ডারের মাধ্যমে এসেছে। এ অর্ডারে ১৫টি নির্দেশিকা আছে। আজ ৩০তম পঞ্জিকা দিবস। এর মধ্যে এ অধিবেশন (সংবিধান সংস্কার পরিষদের) আহ্বান করা হয়নি। এ অধিবেশন কীভাবে হবে, সে বিষয়ে সংবিধানের ৭২ অনুচ্ছেদে বলা আছে,„ বলেছেন মি. রহমান। তিনি রাষ্ট্রপতির জারি করা জুলাই সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ ২০২৫-এর একাংশ পড়ে শুনিয়ে বলেন, ”প্রধানমন্ত্রীর লিখিত পরামর্শের কারণেই রাষ্ট্রপতি সংসদের এ অধিবেশন আহ্বান করেছেন। আদেশেও বলা হয়েছে, যে পদ্ধতিতে সংসদের প্রথম অধিবেশন আহ্বান করা হবে, সেই একই পদ্ধতিতে সংবিধান সংস্কার পরিষদের সভা আহ্বান করা হবে।„ জবাবে বিএনপি নেতা ও স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, সংবিধান, সংবিধান সংস্কার পরিষদের অস্তিত্ব না থাকায় প্রধানমন্ত্রী রাষ্ট্রপতিকে সেটা করার পরামর্শ দিতে পারেন না। রাষ্ট্রপতিও সেটা (সংস্কার পরিষদের অধিবেশন) করতে পারেন না বলে করেননি।„ তিনি বলেন, সংবিধানের কোনো ধারা বা সংবিধান পরিবর্তন হবে, এমন কোনো কিছু অধ্যাদেশের মাধ্যমে আসতে পারে না। ”সেটা জায়েজ নাই। সংবিধান পরিবর্তনের কোনো বিধান রাষ্ট্রপতি করতে পারেন না। এই যে আদেশ- এটা না অধ্যাদেশ, না আইন। তারপরেও আমরা সংসদে আলোচনা করতে পারি। এ নিয়ে আদালতে রিট হয়েছে। সংসদ সার্বভৌম, কিন্তু সার্বভৌম সংসদ আবার এমন কোনো আইন করতে পারে না, যা আদালতে গিয়ে চ্যালেঞ্জ হয়ে বাতিল হয়ে যেতে পারে। সব দিক খেয়াল রেখে সাংবিধানিকভাবেই সব কার্যক্রম করতে হবে,„ বলেছেন মি. আহমদ।

তিনি আরও বলেন, জুলাই জাতীয় সনদ যেভাবে স্বাক্ষরিত হয়েছে, তার ওপর ভিত্তি করে জনগণের সায় আছে কি-নাই, তার ওপর গণভোট হতে পারে, কিন্তু আদেশ জারি করে ৪টি প্রশ্ন দেওয়া হলো, যার একটি নিয়ে কোনো সমঝোতা হয়নি। মি. আহমদ বলেন, ”জুলাই সনদের প্রতিটি শব্দকে আমরা সম্মান করি। কিন্তু জুলাই সনদের বাইরে কোনো অবৈধ আদেশ দিয়ে সংবিধান সংশোধন করা যায় কি-না, তা নিয়ে আলোচনা করতে পারি। আসুন, সংসদের কার্য উপদেষ্টা কমিটিতে আলোচনা করি। এরপর সংবিধান সংশোধনে বিল উত্থাপন করি। তারপর সেই সংবিধান অনুসারে রাষ্ট্র পরিচালিত হবে। জনরায়কে সম্মান দিতে হবে, কিন্তু সেটা সাংবিধানিকভাবে দিতে হবে।„ শফিকুর রহমানের বক্তব্যের জবাবে সালাহউদ্দিন আহমদ বক্তব্য শেষ করার পর বিরোধী দল থেকে এ ব্যাপারে আর কোনো মন্তব্য আসেনি।

**বিরোধী দল এখন কী করবে**

জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন ১১-দলীয় জোটের লিয়াজোঁ কমিটির সভার পর আজ রোববারের মধ্যে সংবিধান সংস্কার পরিষদের অধিবেশন না ডাকলে রাজপথের আন্দোলনের হুমকি দেওয়া হয়েছে। ”সরকার যদি এ বিষয়ে উদ্যোগ না নেয়, তাহলে জনগণকে সঙ্গে নিয়ে জুলাই সনদ বাস্তবায়নের দাবিতে রাজপথে আন্দোলনে নামতে বাধ্য হবে ১১ দলীয় ঐক্য। খুব শিগ্‌গিরই শীর্ষ নেতাদের বৈঠক করে আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে,„ সভার পর সংবাদ সম্মেলনে বলেছেন লিয়াজোঁ কমিটির সমন্বয়ক হামিদুর রহমান আযাদ। জামায়াতের নেতারা ইঙ্গিত দিয়েছেন যে, খুব শিগ্‌গিরই এ বিষয়ে তাদের জোটভুক্ত দলগুলোর নেতারা আলোচনা করে সিদ্ধান্ত নিবেন। ওই জোটে থাকা জাতীয় নাগরিক পার্টির সদস্য সচিব আখতার হোসেন বিবিসি বাংলাকে বলছেন, সংবিধান সংস্কার পরিষদের জন্য সংসদের ভেতরে ও বাইরে তারা তাদের প্রচেষ্টা চালিয়ে যাবেন। ”প্রধানমন্ত্রীর পরামর্শে রাষ্ট্রপতি সংবিধান সংস্কার পরিষদের অধিবেশন না ডাকলেও, আমরা মনে করি, এটি করার সুযোগ আছে। এর আগে, কয়েকটি সংসদ গেজেট প্রকাশের পর ৩০ দিনের মধ্যে অধিবেশনেও বসেনি। তাই এখন ৩০ দিনের মধ্যে না হলেও আমরা আমাদের চেষ্টা চালিয়ে যাবো,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি। তবে রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমদ বলছেন, বিএনপি সংবিধান সংস্কারের অঙ্গীকার থেকে পুরোপুরি সরে যায়নি, বরং তারা সংবিধান সংশোধন বিল আনার কথা বলেছে। ”আমার মনে হয়, বিএনপির অবস্থান পরিষ্কার। তাদের দুই তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা আছে। সংবিধান সংস্কার পরিষদের কাজ ছিল সংবিধান সংশোধন করা। বিএনপি সেটি সংবিধান সংশোধন বিলের মাধ্যমে করার পক্ষে। সুতরাং সংবিধান সংশোধন নিয়ে মতপার্থক্য নেই। এখন দেখা যাক, সংবিধান সংস্কার পরিষদ করার বিষয়ে বিরোধী দল কতটা চাপ তৈরি করতে পারে,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি।

(বিবিসি ওয়েব পেজ : ১৫.০৩.২০২৬ আলী আহমেদ)

## যুক্তরাষ্ট্র ইরানের সাথে সমঝোতা করতে প্রস্তুত নয় : ডোনাল্ড ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, যুদ্ধ শেষ করার জন্য ইরান আমেরিকার সাথে একটি সমঝোতায় আসতে চায়। মার্কিন গণমাধ্যম এনবিসির সাথে এক টেলিফোন সাক্ষাৎকারে মি. ট্রাম্প বলেছেন, ইরান সমঝোতায় আসতে চাইলেও তিনি এতে আগ্রহী নন। কারণ যুদ্ধ অবসানের জন্য যে-সব শর্তাদি দেখা যাচ্ছে, তাকে 'পর্যাপ্ত' মনে করেন না তিনি। তবে, শর্তসমূহ কী বা তার বিস্তারিত সম্পর্কে কিছু জানাতে অস্বীকৃতি জানিয়েছেন তিনি। মি. ট্রাম্প বলেছেন, সম্ভাব্য সমঝোতায় অবশ্যই ইরানের পক্ষ থেকে পারমাণবিক কর্মসূচি পরিত্যাগের প্রতিশ্রুতি থাকতে হবে। ওই একই সাক্ষাৎকারে মি. ট্রাম্প বলেছেন, হরমুজ প্রণালি রক্ষায় যুক্তরাষ্ট্রকে সাহায্য করতে প্রতিশ্রুতি দিয়েছে মিত্র দেশগুলো। যদিও সেসব মিত্র দেশ কারা, তার বিস্তারিত বলেননি তিনি। তিনি আরো বলেছেন, যুক্তরাষ্ট্র খারগ দ্বীপটি পুরোপুরি ধ্বংস করেছে। তবে, তিনি বলেছেন, "মজা করার জন্য আমরা (যুক্তরাষ্ট্র) এ দ্বীপে আরো কয়েকবার হামলা চালাতে পারি।„(বিবিসি ওয়েব পেজ: ১৫.০৩.২০২৬ এলিনা)

## ইউএস এয়ারক্রাফট ক্যারিয়ার আব্রাহাম লিঙ্কন সম্পর্কে ইরানের বিরুদ্ধে মিথ্যাচারের অভিযোগ

যুক্তরাষ্ট্রের বিমানবাহী রণতরি ইউএসএস আব্রাহাম লিঙ্কন সম্পর্কে ইসলামিক রেভ্যুলুশনারি গার্ড কোর ভুয়া খবর ছড়াচ্ছে বলে অভিযোগ তুলেছে যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড (সেন্টকম)। সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এর ফার্সিয়ান পেইজে সেন্টকম লিখেছে, ইসলামিক রেভ্যুলুশনারি গার্ড কোর "আরও একবার„ দাবি করেছে, তারা যুদ্ধ জাহাজটিকে `অকেজো, করে দিয়েছে। "বিষয়টি পরিষ্কার করা যাক, আব্রাহাম লিঙ্কন ক্যারিয়ার স্ট্রাইক গ্রুপ সমুদ্র থেকে ইরানি আকাশসীমায় পূর্ণ নিয়ন্ত্রণ বজায় রাখা অব্যাহত রেখেছে„ লিখেছে সেন্টকম। আব্রাহাম লিঙ্কন ছাড়াও মার্কিন নৌবাহিনীর বৃহত্তম বিমানবাহী রণতরি `জেরাল্ড আর ফোর্ড, বর্তমানে এই অঞ্চলে অবস্থান করছে। মার্কিন সংবাদমাধ্যমগুলো জানিয়েছে, যুক্তরাষ্ট্র পারস্য উপসাগরে আরও সেনা পাঠাচ্ছে। এর মধ্যে পাঁচ হাজার মেরিন ও নাবিকের সমন্বয়ে একটি "অ্যামফিবিয়াস রেডি গ্রুপ„ও অন্তর্ভুক্ত রয়েছে। (বিবিসি ওয়েব পেজ: ১৫.০৩.২০২৬ এলিনা)

## ইরানে তথ্য পাচারের অভিযোগে বাহরাইনে পাঁচজন গ্রেফতার

ইরানের বিপ্লবী গার্ড কোরকে (আইআরজিসি) "সুনির্দিষ্ট এবং সংবেদনশীল তথ্য„ সংগ্রহ ও পাচার করার অভিযোগে পাঁচজনকে গ্রেফতার করেছে বাহরাইন। বাহরাইনের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা এই তথ্য জানিয়েছেন। মন্ত্রণালয় জানিয়েছে, কেবল তথ্য পাচারই নয় বরং বাহরাইনের বিরুদ্ধে সন্ত্রাসী পরিকল্পনা বাস্তবায়নের জন্য "সন্ত্রাসী সদস্য সংগ্রহ বা নিয়োগ„ করার অপরাধেও তাদের গ্রেফতার করা হয়েছে। এই চক্রের ষষ্ঠ একজন ব্যক্তি বর্তমানে বিদেশে পলাতক রয়েছে বলে জানিয়েছে দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয়। (বিবিসি ওয়েব পেজ: ১৫.০৩.২০২৬ এলিনা)

## ইরানের নিক্ষেপ করা আরো ক্ষেপণাস্ত্র ভূপাতিত করেছে সংযুক্ত আরব আমিরাত

ইরান থেকে নিক্ষেপ করা আরও চারটি ব্যালেস্টিক ক্ষেপণাস্ত্র এবং ছয়টি ড্রোন প্রতিহত করার কথা জানিয়েছে সংযুক্ত আরব আমিরাত। যুদ্ধ শুরু হওয়ার পর থেকে এখন পর্যন্ত কতগুলো হামলা প্রতিহত করা হয়েছে তার একটি তালিকাও প্রকাশ করেছে দেশটি। দেশটি ইরানের নিক্ষেপ করা ২৯৮টি ব্যালেস্টিক ক্ষেপণাস্ত্র, ১৫টি ক্রুজ ক্ষেপণাস্ত্র এবং এক হাজার ৬০৬টি ড্রোন প্রতিহত করেছে। দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, এসব হামলার ফলে এখন পর্যন্ত ছয়জন নিহত হয়েছেন এবং ১৪২ জন "সামান্য ও মাঝারি ধরনের„ আঘাত পেয়েছেন।

(বিবিসি ওয়েব পেজ: ১৫.০৩.২০২৬ এলিনা)

## ইসরায়েলের বিরুদ্ধে প্রথমবারের মত সেজিল ক্ষেপণাস্ত্র ব্যবহার করেছে ইরান : আইআরজিসি

ইসরায়েলের বিভিন্ন স্থানের লক্ষ্যবস্তুতে ৫৪টি ক্ষেপণাস্ত্র হামলা করার কথা ঘোষণা করেছে ইরানি বিপ্লবী গার্ড বাহিনীর (আইআরজিসি) জনসংযোগ বিভাগ। এক বিবৃতিতে বলা হয়েছে, এই হামলায় "খোররামশাহর সুপার-হেভি মিসাইল যেটি দ্বৈত ওয়ারহেডের, খায়বার-শাখান, কদর, এমাদ এবং প্রথমবারের মতো অপারেশন সাদেক প্রমিজ এ চারটি কৌশলগত জ্বালানি চালিত সেজিল ক্ষেপণাস্ত্র ব্যবহার করা হয়েছে।„ বিপ্লবী গার্ড বাহিনীর প্রচার বিভাগের তথ্য অনুযায়ী, সেজিল হলো একটি মাঝারি পাল্লার সারফেস-টু-সারফেস ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র। ইরানের নাতাঞ্জ পারমাণবিক কেন্দ্র থেকে তেলআবিবের দূরত্ব মাত্র সাত মিনিটে পাড়ি দিতে পারে। এদিকে, কিছুক্ষণ আগে ইসরায়েলি সেনাবাহিনী জানিয়েছে, তারা ইরান থেকে আসা আরেক দফার ক্ষেপণাস্ত্র হামলা শনাক্ত করেছে। আগের দফার হামলার খবর আসার দুই ঘণ্টারও কম সময়ের মধ্যে এই নতুন হামলাটি চালানো হয়।(বিবিসি ওয়েব পেজ: ১৫.০৩.২০২৬ রনি)

## তেলআবিবে ক্লাস্টার বোমা হামলায় বেশ কয়েকজন আহত : জরুরি সেবা বিভাগ

বেশ কয়েকটি ইরানি হামলায় সেন্ট্রাল ইসরায়েলে বেশ কয়েকজন আহত হয়েছেন বলে জানিয়েছে ইসরায়েলি জরুরি সেবা বিভাগ। ইসরায়েলি পুলিশ জানিয়েছে, তেলআবিবের বিভিন্ন স্থানে বৃষ্টির মতো ক্লাস্টার বোমা (গুচ্ছ বোমা) পড়লে তিনজন ব্যক্তি সামান্য আহত হয়েছেন। পুলিশের শেয়ার করা একটি ভিডিওতে দেখা যাচ্ছে, রাস্তার মাঝখানে একটি বিস্ফোরণের পর ধ্বংসাবশেষের মধ্যদিয়ে একজন ব্যক্তি টলতে টলতে দূরে সরে যাচ্ছেন। ক্লাস্টার বোমা হলো এমন

একটি পদ্ধতি, যেখানে রকেট, ক্ষেপণাস্ত্র বা কামানের গোলার ভেতর থেকে মধ্য আকাশে প্রচুর পরিমাণে ছোটো ছোটো বোমা বা `বোমলেট, একটি বিস্তীর্ণ এলাকাজুড়ে নিক্ষেপ করা হয়। ইসরায়েলের জরুরি সেবা বিভাগ `মেগান ডেভিড অ্যাডম, ইরানি হামলায় চারজন আহত হওয়ার খবর দিয়েছে। এদের মধ্যে বিনি ব্রাক এলাকায় প্রায় ৬০ বছর বয়সি এক ব্যক্তির মাথায় কাঁচের টুকরো লেগে মাঝারি ধরনের আঘাত পেয়েছেন। রামাত গান এলাকায় ৭০ বছর বয়সি এক ব্যক্তি বিস্ফোরণের ধাক্কায় সামান্য আহত হয়েছেন। পেতাহ তিকভা এলাকায় ৪৬ এবং ১৮ বছর বয়সি দুইজন নারী বিস্ফোরণের তীব্র শব্দের কারণে কানে সমস্যা অনুভব করছেন। তবে তাদের অবস্থা এখন স্থিতিশীল।
(বিবিসি ওয়েব পেজ: ১৫.০৩.২০২৬ রনি)

## ইরানের সাথে যুদ্ধের কারণে মার্কিন সহায়তা কমে যাওয়া নিয়ে ইউক্রেনের উদ্বেগ

ইরান, ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের মধ্যে যুদ্ধের কারণে ওয়াশিংটনের সমর্থন হাতছাড়া হয়ে যেতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। ড্রোন হামলা প্রতিহত করার ক্ষেত্রে ইউক্রেনিয় বিশেষজ্ঞদের অভিজ্ঞতা ও জ্ঞান বিনিময়ে কিয়েভের প্রস্তুতির কথা সাংবাদিকদের জানিয়েছেন তিনি। তিনি বলেন, ”আমরা এই অঞ্চলে মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্র ও তাদের মিত্রদের সাহায্য করার ইচ্ছা প্রকাশ করেছি।„ মি. জেলেনস্কি আরও বলেন, ”আমরা জোরালোভাবে আশা করছি, মধ্যপ্রাচ্যের পরিস্থিতির কারণে যুক্তরাষ্ট্র ইউক্রেন যুদ্ধের দিক থেকে মুখ ফিরিয়ে নেবে না।„(বিবিসি ওয়েব পেজ: ১৫.০৩.২০২৬ রনি)

## জরুরি মজুত থেকে তেল ছাড়লে সরবরাহ ”শীঘ্রই স্বাভাবিক হতে হবে„: আন্তর্জাতিক জ্বালানি সংস্থা

আন্তর্জাতিক জ্বালানি সংস্থা ঘোষণা করেছে, তারা তাদের জরুরি মজুত থেকে ৪০ কোটি ব্যারেল তেল বাজারে ছাড়বে, এর ফলে বিশ্ববাজারে তেলের সরবরাহ ”শীঘ্রই স্বাভাবিক হতে শুরু করবে।„ সংস্থাটি জানিয়েছে, এশিয়া-ওশেনিয়া অঞ্চলে এই তেল ”অবিলম্বে„ পাওয়া যাবে এবং আমেরিকা ও ইউরোপে মার্চের শেষ নাগাদ সরবরাহ শুরু হবে। যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রসহ আইইএ-এর ৩২টি সদস্য দেশ বুধবার এই তেল ছাড়ার বিষয়ে একমত হয়েছে। মূলত, বর্তমানের ”নজিরবিহীন„ সংকট মোকাবিলায় এই সিদ্ধান্ত নিয়েছে সংস্থাটি। এর আগে, ২০২২ সালে ইউক্রেন যুদ্ধের সময় এই সংস্থা জরুরি মজুত থেকে যে পরিমাণ তেল বাজারে ছেড়েছিল, এবারের পরিমাণ তার দ্বিগুণেরও বেশি। উল্লেখ্য যে, দুই সপ্তাহ আগে মধ্যপ্রাচ্যে যুদ্ধ শুরু হওয়ার পর থেকে তেলের দাম প্রায় ২৫ শতাংশ বেড়ে গেছে।
(বিবিসি ওয়েব পেজ: ১৫.০৩.২০২৬ রনি)

# এনএইচকে

## ট্রাম্প চান বিভিন্ন দেশ হরমুজ প্রণালিতে সামরিক জাহাজ পাঠাক

হরমুজ প্রণালির কার্যত অবরোধের কারণে ক্ষতিগ্রস্ত দেশগুলোকে গুরুত্বপূর্ণ এই তেলের রুটে সামরিক জাহাজ পাঠানোর আহ্বান জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি এই আহ্বানের সমালোচনা করেছেন। ট্রাম্প শনিবার সামাজিক যোগাযোগ মাধ্যমে লিখেছেন যে, ”এই প্রণালিকে উন্মুক্ত ও নিরাপদ রাখার লক্ষ্যে„ বেশ কয়েকটি দেশ যুদ্ধজাহাজ মোতায়েন করতে আমেরিকার সাথে কাজ করবে। তিনি এও লিখেছেন যে, তিনি আশা করেন চীন, ফ্রান্স, জাপান, দক্ষিণ কোরিয়া, যুক্তরাজ্য এবং অন্যান্যরাও এতে যোগ দেবে। এর প্রেক্ষিতে, আরাঘচি সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতিক্রিয়া জানিয়ে বলেন, হরমুজকে সুরক্ষিত রাখার জন্য আমেরিকা ”অন্যদের, এমনকি চীনের কাছেও„ সাহায্য চাইছে। বেইজিং অবিলম্বে মার্কিন ও ইসরায়েলি সামরিক অভিযান বন্ধের আহ্বান জানাচ্ছে। তিনি আরও লিখেন, ”ইরান বিদেশি আগ্রাসনকারীদের বহিষ্কার করার জন্য ভ্রাতৃপ্রতিম প্রতিবেশীদের প্রতি আহ্বান জানাচ্ছে।„ এদিকে, জাপানের প্রধানমন্ত্রী তাকাইচি সানায়ে বুধবার চারদিনের মার্কিন সফর শুরু করতে চলেছেন, যার মধ্যে ট্রাম্পের সাথে একটি শীর্ষ সম্মেলনও অন্তর্ভুক্ত রয়েছে। জাপানের প্রতি হরমুজে জাহাজ পাঠানোর অনুরোধ নিয়েও সেখানে আলোচনা হতে পারে। জাপানের সরকারি সূত্রসমূহ এনএইচকে-কে জানিয়েছে যে, যুক্তরাষ্ট্র অপরিশোধিত তেলের ক্রমবর্ধমান মূল্যের মোকাবিলায় হিমশিম খাচ্ছে। তারা জানায় যে, ট্রাম্পের পোস্ট থেকে বোঝা যাচ্ছে, তাকাইচিকে সরাসরি সহযোগিতা করার জন্য বলা হতে পারে। তবে জাপানকে যে-কোনো প্রতিক্রিয়া বিবেচনা করতে হবে আইনি বাধাগুলোর সাপেক্ষে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের সূত্রসমূহ জানায় যে, জাপান নিজে তার সিদ্ধান্তগুলো নেয় এবং শুধুমাত্র ট্রাম্পের অনুরোধ রাখতে তারা জাহাজ পাঠাবে না। পাশাপাশি, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সূত্রসমূহ জানায় যে, টোকিওকে আত্মরক্ষা বাহিনী মোতায়েনের বিষয়ে, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার বৈধতা মূল্যায়নের প্রয়োজনসহ নানা কঠিন সিদ্ধান্তের মুখোমুখি আসতে হতে পারে। তারা জানায় যে, তাদেরকে এ বিষয়ে খুব কম বিবরণ দেওয়া হয়েছে, যে কারণে আসন্ন শীর্ষ সম্মেলনে ওয়াশিংটন এ বিষয়ে নির্দিষ্ট অনুরোধ জানাবে কিনা, তা-সহ টোকিওকে পরিস্থিতির উপর ঘনিষ্ঠ নজর রাখতে হবে।(এনএইচকে ওয়েবপেইজ: ১৫.০৩.২৬ রনি)

# ডয়চে ভেলে

## স্কুল ফিডিং'-এ এবার কি মিলবে মানসম্মত খাবার?

বাংলাদেশে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের পুষ্টির চাহিদা মেটাতে এবং ঝরে পড়া ঠেকাতে চালু হওয়া `স্কুল ফিডিং, কর্মসূচি নিয়ে নানা বিতর্ক রয়েছে। এসব খাবারে পচা ডিম, বাসি রুটি, মেয়াদোত্তীর্ণ দুধ, নষ্ট কলা দেওয়ার অভিযোগ অনেক দিনের। বর্তমানে ১৫০টি উপজেলায় এই কর্মসূচি চালু রয়েছে। আগামী জুন-জুলাইয়ে এই কর্মসূচি সারা দেশে সম্প্রসারণের পরিকল্পনা করছে নতুন বিএনপি সরকার। এবার কি মিলবে মানসম্মত খাবার? প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ ডয়চে ভেলেকে (ডিডাব্লিউ) বলেন, ”স্কুল ফিডিং শুধু একটি খাবার কর্মসূচি নয়, এটি শিশুদের পুষ্টি নিশ্চিত করা এবং তাদের বিদ্যালয়ে আসতে উৎসাহিত করার একটি বড়ো উদ্যোগ। আমরা চাই, দেশের প্রতিটি শিক্ষার্থী এর সুফল পাক।„ তিনি বলেন, ”জুন-জুলাই থেকে পর্যায়ক্রমে সব উপজেলাকে এই কর্মসূচির আওতায় আনা হবে। পাশাপাশি, এই খাবার পুষ্টিমান কীভাবে আরও উন্নত করার যায়, সেই চেষ্টাও হচ্ছে। বর্তমানে যে খাবার দেওয়া হয়, সেটা বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের পুষ্টি বিজ্ঞান ইনস্টিটিউট মিলে ঠিক করেছে। এবারও তাদের দায়িত্ব দেওয়া হচ্ছে ওই খাবারগুলো নিয়ে রিভিউ করার জন্য। একইসঙ্গে সর্বোচ্চ চেষ্টা করে মনিটরিং করা হবে, খাবারের মান যাতে ঠিক থাকে।„

### বর্তমানে বিতরণ করা খাদ্যতালিকা

সপ্তাহের পাঁচ কর্মদিবসেই শিক্ষার্থীদের দেওয়া হয় ফর্টিফাইড বিস্কুট, কলা বা মৌসুমি ফল, বনরুটি, ডিম এবং ইউএইচটি দুধ। নির্ধারিত খাদ্যতালিকা অনুযায়ী প্রতি রোববার বনরুটির সঙ্গে সেদ্ধ ডিম, সোমবার বনরুটি ও ২০০ গ্রাম ইউএইচটি দুধ, মঙ্গলবার ৭৫ গ্রামের ফর্টিফাইড বিস্কুট ও ফল এবং বুধবার ও বৃহস্পতিবার বনরুটির সঙ্গে সেদ্ধ ডিম দেওয়া হয়। এই বিশেষ খাদ্যতালিকা এমনভাবে তৈরি করা হয়েছে, যাতে একজন শিক্ষার্থীর প্রয়োজনীয় মোট এনার্জির ২৫ দশমিক নয় শতাংশ, মাইক্রোনিউট্রিয়েন্টের ৩২ দশমিক দুই শতাংশ, প্রোটিনের ১৬ দশমিক চার শতাংশ এবং ফ্যাটের ২১ দশমিক সাত শতাংশ পূরণ নিশ্চিত করা সম্ভব হয়। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সূত্রে জানা গেছে, বর্তমান প্রকল্পের আওতায় ২০২৭ সালের মধ্যে দেশের নির্বাচিত ১৫০টি উপজেলার ১৯ হাজার ৪১৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ৩১ লাখ ১৩ হাজার শিক্ষার্থীকে পুষ্টিকর খাবার দেওয়ার পরিকল্পনা রয়েছে। খাবার সরবরাহ ব্যবস্থা তিনটি অংশে টেন্ডারের মাধ্যমে পরিচালিত হলেও, টেন্ডার জট ও আইনি মামলার কারণে বর্তমান কার্যক্রম ব্যাহত হচ্ছে।

২০টি জোনের মধ্যে ১২টিতে যোগ্য সরবরাহকারী না পাওয়া এবং বিস্কুট সরবরাহ নিয়ে সাতটি বিভাগে উচ্চ আদালতে মামলা চলমান থাকায় নিয়মিত সরবরাহ নিশ্চিত করা সম্ভব হচ্ছে না। বিস্কুট সরবরাহের বিষয়টি বর্তমানে পাবলিক প্রকিউরমেন্ট অথরিটির শুনানিতে রয়েছে, যা নিষ্পত্তি হলেই কেবল নিয়মিত সরবরাহ ফিরবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউটের অধ্যাপক ড. নাজমা শাহীন ডিডাব্লিউকে বলেন, ”আমরা শুরু থেকে বলে আসছি, শিশুদের গরম খাবার দিতে হবে। কিন্তু স্কুলগুলোর ব্যবস্থাপনার কারণে সেটা দেওয়া হচ্ছে না। এখন যে খাবার দেওয়া হয়, সেটাও যদি মান নিশ্চিত করা যায়, তাহলে পুষ্টির অনেকখানি পূরণ সম্ভব। তবে এ জন্য স্থানীয় মানুষদের এর সঙ্গে সম্পৃক্ত করার ওপর জোর দেন তিনি। তিনি বলেন, ”শুধু ঠিকাদারের উপর ভরসা করলে হবে না। আমরা কিছুদিন আগে গার্মেন্টস কর্মীদের টিফিনের জন্য একটি খাদ্য তালিকা প্রস্তুত করেছি। সেখানেও কিছু গরম খাবার এবং খাবারের মানের কথা বলা হয়েছে। আমাদের সময় এসেছে পাইলটিং প্রজেক্ট থেকে সরে এসে খাবারের তালিকা চূড়ান্ত করা। একইসঙ্গে কঠোরভাবে মনিটরিং ব্যবস্থা নিশ্চিত করতে হবে।„

### খাবারের মান নিয়ে তবুও রয়েছে প্রশ্ন

স্কুলে শিশুদের যে খাবার দেওয়া হচ্ছে, তার মান নিয়ে প্রশ্ন অনেকদিনের। ডিডাব্লিউ পাঁচটি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সঙ্গে কথা বলেছে। এর মধ্যে একজন খাবার নিয়ে ক্ষোভ প্রকাশ করলেও, পরিচয় প্রকাশ করতে চাননি। তিনি জানিয়েছেন, ”একদিন আমার স্কুলে আসা রুটির প্যাকেটে উৎপাদনের তারিখ লেখা ছিল ২৭ জানুয়ারি ২০২৬, অথচ সেদিন ছিল ২৫ জানুয়ারি। ভবিষ্যতের তারিখ দুইদিন আগেই কীভাবে লেখা থাকে, তা দেখে আমরা স্তম্ভিত হয়েছি।„ নেত্রকোণার আটপাড়া উপজেলার ঘাগড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিপ্লব চন্দ্র সরকার ডিডাব্লিউকে বলেন, ”আমার স্কুলে এই ধরনের কোনো কর্মসূচি এতদিন ছিল না। দুই মাস আগে এই কর্মসূচি আংশিকভাবে চালু হয়েছে। শুধু সোমবার শিশুদের ২০০ গ্রাম ওজনের একটি দুধের প্যাকেট দেওয়া হয়। এর বাইরে আর কিছু দেওয়া হয় না। তবে শুনেছি, আগামী মাস থেকে সপ্তাহে পাঁচদিনই রুটি, ডিম, কলা, দুধ দেওয়া হবে।„ এছাড়া, মাগুরা জেলার শালিখা উপজেলার বুনাগাতী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক অলিফ কুমার বিশ্বাস, সুনামগঞ্জ সদরের ঝরঝরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আব্দুর রহিম এবং সুনামগঞ্জ সদরের দেওয়ান নগর মোহনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক অমিয় চন্দ্র দে ডিডাব্লিউকে জানিয়েছেন, তাদের স্কুলে এই ধরনের কোনো কর্মসূচি কখনই চালু হয়নি।

ভবিষ্যতে হবে কিনা তারা জানেন না। খাবারের মানের বিষয়ে জানতে চাইলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আবু নূর মোহাম্মদ শামসুজ্জামান ডিডাব্লিউকে বলেন, "শুধু মুখে অভিযোগ করলে তো হবে না। আমরা সবাইকে বলেছি, একটু সুনির্দিষ্ট করে আমাদের বলেন। এক্ষেত্রে আমাদের জিরো টলারেন্স। কঠোর ব্যবস্থা নেওয়া হবে। কিন্তু সমস্যা হলো কেউ নির্দিষ্ট করে বলে না। শুধু ভাসা ভাসা অভিযোগ করে। আমরা সুনির্দিষ্টভাবে অভিযোগ পেলে ব্যবস্থা নিতে পারি। আমরা চাই, শিক্ষার্থীরা প্রতিদিন নির্ধারিত সব খাবার যেন সময়মতো হাতে পায়। প্রধান শিক্ষক ও সংশ্লিষ্টদের কঠোর নির্দেশনা দেওয়া হয়েছে, যেন কোনোভাবেই মেয়াদোত্তীর্ণ দুধ, কম ওজনের পাউরুটি বা পচা ফল গ্রহণ করা না হয়। প্রয়োজনে তারা আমাদের বিষয়টি জানাবে। শিশুদের খাবারের ক্ষেত্রে সরকার 'জিরো টলারেন্স' নীতি অনুসরণ করছে এবং যে-কোনো অনিয়মে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।"

**আইনি জটিলতায় খাবার যাচ্ছে না**

জানা গেছে, স্কুল ফিডিং কর্মসূচির খাবার সরবরাহ কার্যক্রমকে তিনটি আলাদা অংশে ভাগ করে টেন্ডার আহ্বান করা হয়। ইউএইচটি দুধ, ফর্টিফাইড বিস্কুট এবং 'ফুড বাস্কেট' (বনরুটি, ডিম ও ফল)। ফুড বাস্কেট সরবরাহের জন্য পুরো দেশকে ২০টি জোনে ভাগ করা হলেও, প্রথম দফায় মাত্র আটটি লটে যোগ্য সরবরাহকারী পাওয়া যায়। বাকি ১২টি লটের জন্য পুনরায় টেন্ডার আহ্বান করে সরবরাহকারী নিশ্চিত করা হয়েছে। দুধ সরবরাহের ক্ষেত্রেও একই পরিস্থিতির সৃষ্টি হয়। আটটি বিভাগের মধ্যে প্রথম দফায় চারটি বিভাগে সরবরাহকারী পাওয়া গেলেও, বাকি চারটির জন্য পুনরায় ই-টেন্ডার করতে হয়েছে। অন্যদিকে, ফর্টিফাইড বিস্কুট সরবরাহ নিয়ে তৈরি হয়েছে আইনি জটিলতা। সাতটি বিভাগ নিয়ে আদালতে মামলা হওয়ায় বিষয়টি বর্তমানে সরকারি ক্রয়সংক্রান্ত কর্তৃপক্ষ 'পাবলিক প্রকিউরমেন্ট অথরিটির শুনানিতে রয়েছে। সংশ্লিষ্টরা আশা করছেন, এই আইনি সংকট দ্রুত নিষ্পত্তি হলে সব খাবার নিয়মিত সরবরাহ করা সম্ভব হবে। অনিয়ম ঠেকাতে সরকার শিশুদের খাবারের ক্ষেত্রে 'জিরো টলারেন্স' নীতি গ্রহণ করেছে এবং স্থানীয় প্রশাসনের তদারকি বাড়ানোর উদ্যোগ নিয়েছে। পরিবহণ সমস্যা কমাতে স্থানীয়ভাবে ডিম ও ফল সংগ্রহের পরিকল্পনাও রয়েছে। বর্তমানের ১৫০টি উপজেলার সীমাবদ্ধতা কাটিয়ে আগামী জুন-জুলাই মাস থেকে ধাপে ধাপে দেশের প্রতিটি উপজেলায় এই কর্মসূচি সম্প্রসারণের লক্ষ্যে নতুন উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি-৫) চূড়ান্ত করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। বর্তমানে ডিপিপি-৪ এর আওতায় খাবার দেওয়া হচ্ছে।

**স্কুল ফিডিং চালু হয় কবে?**

জাতিসংঘের বিশ্ব খাদ্য কর্মসূচি ২০০১ থেকে ২০০৯ সাল পর্যন্ত স্কুল শিশুদের খাওয়ানোর জন্য প্রকল্প চালিয়েছিল। সর্বশেষ ২০১০ সালে সরকারি স্কুল ফিডিং প্রোগ্রাম চালু করা হয়েছিল। এ কর্মসূচির আওতায় সরকার ১০৪ উপজেলার প্রায় ৩০ লাখ স্কুল শিক্ষার্থীকে ৭৫ গ্রাম ফর্টিফাইড বিস্কুট দিয়েছে। প্রাথমিক শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানিয়েছেন, এসব বিদ্যালয়ে উপস্থিতি বেড়েছে ৬ দশমিক ৬ শতাংশ ও ঝরে পড়ার হার কমেছে ছয় শতাংশ। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের তথ্য অনুসারে, ২০১০ সালে প্রাথমিক পর্যায়ে ঝরে পড়ার হার ছিল ৩৯ দশমিক আট শতাংশ। ২০২১ সালে তা কমে দাঁড়িয়েছে ১৪ দশমিক ১৫ শতাংশে।২০২২ সালে উন্নয়ন প্রকল্প প্রস্তাব ডিপিপি-৪ চূড়ান্ত করে সরকার। এটা চলবে ২০২৭ সাল পর্যন্ত। এই প্রকল্পে সারা দেশের ৬৫ হাজার ৬২০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মিড-ডে মিল কার্যক্রম চালু করে সরকার। সপ্তাহে তিনদিন রান্না করা খাবার এবং তিনদিন বিস্কুট দেওয়া হয়। নানা বিতর্কের মধ্যে পরে তা সংশোধন করে রান্না করা খাবার বাদ দেওয়া হয়। পাশাপাশি, আইনি জটিলতায় সব স্কুলেও এই কর্মসূচি চালু করা যায়নি। এবার নতুন সরকার জুন-জুলাই থেকে সারা দেশের সবগুলো প্রাথমিক বিদ্যালয়ে এই কর্মসূচি চালু উদ্যোগ নিয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৫.০৩.২০২৬ রুবাইয়া)

## ইরানের পশ্চিমে ইসরায়েলের হামলা, কথা বলেছেন ইরান-ফ্রান্সের পররাষ্ট্রমন্ত্রী

ইরানের পশ্চিমাঞ্চলে বিস্তৃত পরিসরে হামলা চালানো হয়েছে বলে জানিয়েছে ইসরায়েলের সামরিক বাহিনী (আইডিএফ)। রোববার এক বিবৃতিতে তারা বলেছে, "আইডিএফ ইরানের পশ্চিমাঞ্চলে ইরানি সন্ত্রাসী শাসনের অবকাঠামো লক্ষ্য করে ব্যাপক মাত্রার হামলা শুরু করেছে।" এদিকে, ইরান ও ফ্রান্সে পররাষ্ট্রমন্ত্রী ফোনে কথা বলেছেন। আলাপে ইরানের পররাষ্ট্রমন্ত্রী সাঈয়েদ আব্বাস আরাগচি হরমুজ প্রণালি ঘিরে অস্থিরতার জন্য যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের কর্মকাণ্ডকে দায়ী করেছেন বলে টেলিগ্রাম পোস্টে জানিয়েছেন। ইরানে হামলার বিরুদ্ধে নিন্দা জানাতে এবং দেশগুলোকে দায়িত্বশীল দৃষ্টিভঙ্গি গ্রহণের আহ্বান জানান তিনি। পাশাপাশি, সংঘাত বাড়াতে পারে এমন কিছু করা থেকে বিরত থাকতে বলেন। তিনি, "ইরানের প্রতিরক্ষামূলক পদক্ষেপগুলো হামলাকারীদের আঞ্চলিক সামরিক ঘাঁটি ও স্থাপনাগুলোর বিরুদ্ধে, তা কোনোভাবেই এই অঞ্চলের দেশগুলোর ওপর ইরানের হামলা বলে বিবেচিত হওয়া উচিত নয়।" এদিকে, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প শনিবার দাবি করেছেন, ইরান চুক্তি করতে চাইলেও, তিনি অনাগ্রহী। সংবাদমাধ্যম এনবিসিকে তিনি বলেন, "ইরান একটি চুক্তি করতে চায় এবং আমি তা করতে চাই না, কারণ শর্তগুলো এখনও যথেষ্ট ভালো নয়।" কী ধরনের শর্ত তিনি চান, এ বিষয়ে জানতে চাইলে তা খোলাসা করেননি ট্রাম্প। তবে ইরানকে পরমাণু আকাঙ্ক্ষা থেকে সরে আসতে হবে এই বিষয়টি যুক্ত থাকতে হবে বলে জানান। ইরানের তেল রপ্তানির

অন্যতম কেন্দ্র খার্গ দ্বীপে হামলা প্রসঙ্গে মার্কিন প্রেসিডেন্ট বলেন, "আমরা খার্গ দ্বীপ পুরোপুরি ধ্বংস করেছি, তবে শুধু মজা করার জন্য আরো কয়েকবার আঘাত হানতে পারি।„(ডয়চে ভেলে ওয়েব পেজঃ ১৫.০৩.২০২৬ রুবাইয়া)

## জাগো নিউজ

### গণভোটের রায় বাস্তবায়নের আগে সংবিধান সংশোধন করতে হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, গণভোটের রায় যদি বাস্তবায়ন করতে হয়, আইন অনুসারে সংবিধান আগে সংস্কার আসতে হবে, সংবিধানে সংশোধন আসতে হবে। গণভোটের রায় বাস্তবায়নের আগে সংবিধান সংশোধন করতে হবে। তিনি বলেন, গণভোটের ব্যালটে `হ্যাঁ, এবং `না, অপশন থাকলেও, মাঝপথে একটি আদেশের মাধ্যমে চারটি জটিল প্রশ্ন যুক্ত করা হয়েছিল। ব্যালটের প্রশ্নগুলো পড়ার জন্য দীর্ঘ সময়ের প্রয়োজন ছিল এবং চারটি প্রশ্নের জন্য আলাদা আলাদা `হ্যাঁ/না, অপশন ছিল না। রোববার বেলা ১১টায় জাতীয় সংসদের অধিবেশন শুরু হয়। অধিবেশনে সভাপতিত্ব করছেন স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ। এসময় স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, এই সংবিধান সংস্কারের বাস্তবায়ন আদেশ এবং গণভোটের সার্টেন পোরশন কেন আনকন্সটিটিউশনাল ডিক্লেয়ার করা হবে না, সেই মর্মে রুলও জারি করা হয়েছে শুনলাম। এখানে হয়ত জুডিশিয়ারি মতামত দেবে, বাট জুডিশিয়ারির মতামত এই সভরেন পার্লামেন্টের ওপরে কখনও বাইন্ডিং না। কিন্তু সংসদ এমন কোনো আইন করতে পারে না, যা বিচার বিভাগে চ্যালেঞ্জ হয়ে বাতিল বা অসাংবিধানিক হয়ে যায়। সুতরাং আমাদের উভয় দিকে লক্ষ্য রেখে বৃহত্তর স্বার্থে আইনানুগভাবে এবং সাংবিধানিকভাবে যেতে হবে। গণভোটের রায় বাস্তবায়নের জন্য সংবিধান সংস্কার পরিষদ গঠন করতে হবে- মানলাম। আমরা নির্বাচিত হয়েছি সাংবিধানিক ভোটে। নির্বাচন কমিশনের দুইটাই এখতিয়ার। একটা হচ্ছে- জাতীয় সংসদের নির্বাচন অনুষ্ঠান করা, আরেকটা হচ্ছে- রাষ্ট্রপতির নির্বাচন অনুষ্ঠান করা। এটা হচ্ছে কনস্টিটিউশনাল ম্যানডেট, যেটা নির্বাচন কমিশন পালন করতে বাধ্য।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ আসাদ)

### তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বহালের রায় প্রকাশ

সংবিধানে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বহাল করে সুপ্রিম কোর্টের আপিল বিভাগের দেওয়া রায় প্রকাশ করা হয়েছে। রোববার সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে ৭৪ পৃষ্ঠার এ রায় প্রকাশ করা হয়। তৎকালীন প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদ রায়টি লিখেছেন। এর আগে, গত ২০ নভেম্বর আপিল বিভাগ এ রায় দেন। এই রায়ের ফলে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থার বিধান আবার ফিরলো। এ-সংক্রান্ত বিধান পুনরুজ্জীবিত হলেও, এখনই তা কার্যকর হচ্ছে না। জাতীয় সংসদের চতুর্দশ নির্বাচন থেকে তা প্রয়োগ হতে পারে। প্রায় তিন দশক আগে সংবিধানের ত্রয়োদশ সংশোধনী আইনের মাধ্যমে তত্ত্বাবধায়ক ব্যবস্থা যুক্ত করা হয়েছিল। এ-সংক্রান্ত বিধান পুনরুজ্জীবিত করে রায় দিয়েছেন দেশের সর্বোচ্চ আদালত সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। আইনজীবীরা বলছেন, এ রায়ের ফলে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থার বিধান পুনর্বহাল হলো। যাতে সুষ্ঠু, নিরপেক্ষ নির্বাচনের পথ প্রশস্ত হবে। ত্রয়োদশ সংশোধনী আইনকে সংবিধান পরিপন্থি ও বাতিল ঘোষণা করে ১৪ বছর আগে আপিল বিভাগ রায় দিয়েছিলেন। সেই রায়ের বিরুদ্ধে করা আপিল মঞ্জুর এবং এ-সংক্রান্ত রিভিউ আবেদন নিষ্পত্তি করে ২০ নভেম্বর।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ আসাদ)

### সংসদের বিশেষ কমিটিতে পাঠানো হলো ১৩৩ অধ্যাদেশ

অন্তর্বর্তী সরকারের আমলে জারি করা ১৩৩টি অধ্যাদেশ জাতীয় সংসদের বিশেষ কমিটিতে পাঠানো হয়েছে। এগুলো পর্যালোচনা করে আগামী ২ এপ্রিলের মধ্যে কমিটিকে সংসদে প্রতিবেদন দিতে বলা হয়েছে। রোববার জাতীয় সংসদে আইনমন্ত্রী আসাদুজ্জামান অধ্যাদেশগুলো বিশেষ কমিটিতে পাঠানোর প্রস্তাব করেন। এরপর অধ্যাদেশগুলো বিশেষ কমিটিতে পাঠানো হয়। মূলত, সংবিধান অনুযায়ী রাষ্ট্রপতি কোনো অধ্যাদেশ জারি করলে এরপর অনুষ্ঠিত সংসদের প্রথম বৈঠকে ওই অধ্যাদেশ তুলতে হয়। সে অনুযায়ী, গত বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের প্রথম বৈঠকে অধ্যাদেশগুলো সংসদে তোলেন আইনমন্ত্রী। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ আসাদ)

### গ্রাহকের চাহিদামতো জ্বালানি তেল বিক্রি শুরু, মজুত করলে ব্যবস্থা

জ্বালানি তেল বিক্রির ক্ষেত্রে চালু থাকা রেশনিং ব্যবস্থা প্রত্যাহার করা হয়েছে। রোববার থেকে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত দেশের সব ফিলিং স্টেশনে আগের মতোই স্বাভাবিকভাবে গ্রাহকদের চাহিদা অনুযায়ী জ্বালানি তেল সরবরাহ ও বিক্রি চলবে। রোববার সচিবালয়ে সংবাদ সম্মেলনে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত এ কথা জানান। তবে কেউ এই সুযোগে জ্বালানি তেল মজুত করলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলে ও হুঁশিয়ারি দিয়েছেন প্রতিমন্ত্রী। তিনি বলেন, ইরান-ইসরাইল যুদ্ধের কারণে জ্বালানি সরবরাহ লাইনে সৃষ্ট সমস্যার ফলে জ্বালানি সংকট মোকাবিলায় সরকার বেশকিছু সিদ্ধান্ত গ্রহণ করে। এরই মধ্যে কয়েকটি আমদানিকৃত তেলের জাহাজ চট্টগ্রাম বন্দরে পৌঁছেছে। জনগণের ঈদযাত্রা নির্বিঘ্নে পালন এবং বোরো মৌসুমে কৃষকদের প্রয়োজনীয়তা

বিবেচনায় জ্বালানি তেল বিতরণে রেশনিংসহ সব ধরনের বিধি নিষেধ তুলে নেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত আজ থেকে সব বিতরণ পয়েন্টে গ্রাহকের চাহিদা অনুযায়ী জ্বালানি তেল বিতরণ অব্যাহত থাকবে। প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত বলেন, সরকারি এই সিদ্ধান্ত প্রতিপালনে যদি কোনো গাফিলতি দেখি, দায়িত্বহীনতা পরিলক্ষিত হয়, তাহলে অবশ্যই জড়িতদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ আসাদ)

## ষষ্ঠ শ্রেণিতে ওঠার ৪ মাস পর `প্রাথমিক বৃত্তি পরীক্ষা,

আইনি জটিলতায় ২০২৫ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষা নিতে পারেনি অন্তর্বর্তী সরকার। সারা বছর প্রস্তুতি নিয়েও পরীক্ষায় বসতে না পেরে ক্ষোভ জানিয়ে আসছিল শিক্ষার্থীরা। বিএনপি সরকার ক্ষমতায় আসার পর দেরিতে হলেও, এ বৃত্তি পরীক্ষা নেওয়ার ঘোষণা দিয়েছে। কিন্তু তালগোল পাকিয়েছে অন্য জায়গায়। সব ঠিক থাকলে আগামী এপ্রিলে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। যে শিক্ষার্থীরা এ বৃত্তি পরীক্ষা দেবে, তারা এখন পঞ্চম থেকে ষষ্ঠ শ্রেণিতে উঠে গেছে। নতুন ক্লাসে, নতুন পাঠ্যবইয়ে প্রায় চারমাস পড়ালেখাও করেছে। পঞ্চম শ্রেণির সেই পাঠ্যবই-নোট-গাইড কিছুই নেই তাদের হাতে। এতে মধুর বিড়ম্বনায় পড়েছে প্রায় পাঁচ লাখ শিক্ষার্থী। পাশাপাশি পড়ালেখা নিয়েও তালগোল পাকিয়ে ফেলছে সদ্য মাধ্যমিকের গণ্ডিতে পা রাখা শিক্ষার্থীরা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ আসাদ)

## ভর্তিতে লটারির সমালোচনা হাসনাতের, বাতিলের আভাস শিক্ষামন্ত্রীর

ত্রয়োদশ জাতীয় সংসদ অধিবেশনে লটারিতে শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়ার কঠোর সমালোচনা করেছেন কুমিল্লা-৪ আসনের সংসদ সদস্য হাসনাত আবদুল্লাহ। সংসদ সদস্যের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন লটারি পদ্ধতি বাতিলের আভাস দিয়েছেন। আ ন ম এহছানুল হক মিলন বলেন, বিগত সরকার লটারি সিস্টেম করেছিল, যেটা আদৌ আমার মনে হয় না যুক্তিসংগত। আগামী ২০২৭-এর জানুয়ারি ভর্তির বিষয়ে নতুন চিন্তা করবো। রোববার বেলা ১১টায় জাতীয় সংসদের অধিবেশন শুরু হয়। অধিবেশনে সভাপতিত্ব করছেন জাতীয় সংসদের স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ আসাদ)

## ঈদে বাড়ি গেলে গহনা আত্মীয়দের কাছে রাখার পরামর্শ ডিএমপি কমিশনারের

আসন্ন ঈদুল ফিতরে ঢাকা ত্যাগ করার আগে নগদ অর্থ, সোনার গহনা বা গুরুত্বপূর্ণ দলিলাদি অরক্ষিত অবস্থায় না রেখে আত্মীয়-স্বজনদের বাসায় রেখে যাওয়ার পরামর্শ দিয়েছেন ঢাকা মহানগর পুলিশের ভারপ্রাপ্ত কমিশনার মো. সরওয়ার। একইসঙ্গে ঢাকায় কারও স্বজন না থাকলে মূল্যবান সম্পদ থানায় রেখে যাওয়ার পরামর্শও দেন তিনি। রোববার রাজধানীর মিন্টু রোডে ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত ঘরমুখো মানুষের ঈদযাত্রা ও ঈদে রাজধানী ঢাকার নিরাপত্তা পরিকল্পনা সংক্রান্ত এক সংবাদ সম্মেলনে এসব জানান ডিএমপি কমিশনার মো. সরওয়ার। মো. সরওয়ার বলেন, নগরবাসীর ঈদযাত্রা সুগম করা এবং ফাঁকা রাজধানীর নিরাপত্তার জন্য প্রয়োজনীয় প্রস্তুতি এরই মধ্যে শুরু হয়ে গেছে। রাজধানীবাসী যেন নিরাপদে ও নির্ভাবনায় ঈদ উদ্‌যাপন করতে পারে, সেই লক্ষ্যে ডিএমপি পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা হাতে নিয়েছে। এ সময় নগরবাসীর উদ্দেশ্যে তিনি বলেন, নগদ অর্থ, সোনার গহনা বা গুরুত্বপূর্ণ দলিল অরক্ষিত অবস্থায় রাখবেন না। এগুলো আপনার আত্মীয়স্বজনের বাসায় রেখে যাবেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ আসাদ)

## মন্ত্রণালয়ে এসে ফুলেল শুভেচ্ছা গ্রহণ করলেন না আহমেদ আযম খান

নিয়োগ পাওয়ার পর মন্ত্রণালয়ে প্রথম দিন এসে কর্মকর্তা-কর্মচারীদের দেওয়া ফুলেল শুভেচ্ছা গ্রহণ করেননি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আহমেদ আযম খান। রোববার রাজধানীর পরিবহণ পুল ভবনে প্রথম অফিসে আসলে মন্ত্রণালয়ের কর্মকর্তারা নবনিযুক্ত মন্ত্রীকে ফুল দিয়ে শুভেচ্ছা জানাতে চাইলে, তিনি তা গ্রহণ না করে বিনয়ের সঙ্গে সবাইকে ধন্যবাদ জানান। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ (বীরবিক্রম) স্পিকার হিসেবে নিয়োগ পাওয়ার পর গত ১২ মার্চ নতুন মন্ত্রী হিসেবে শপথ নেন টাঙ্গাইল-৮ আসনের সংসদ সদস্য আহমেদ আযম খান। এরপর তাকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্ব দিয়ে প্রজ্ঞাপন জারি করে মন্ত্রিপরিষদ বিভাগ। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, ফুলেল শুভেচ্ছা গ্রহণ না করা প্রসঙ্গে মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী চান না যে, আনুষ্ঠানিকতার অংশ হিসেবে ফুল বিনিময়ের মাধ্যমে অপ্রয়োজনীয় অর্থ ব্যয় হোক। বিভিন্ন সমীক্ষায় দেখা গেছে, দেশে শুধুমাত্র আনুষ্ঠানিকতা পালনের ক্ষেত্রেই বছরে প্রায় ১৮ কোটি টাকা ফুলের পেছনে ব্যয় হয়, যা তিনি অপ্রয়োজনীয় ও বিলাসী ব্যয় হিসেবে উল্লেখ করেন। তাই এমন ব্যয় এড়িয়ে সাশ্রয়ী ও কার্যকর দৃষ্টান্ত স্থাপনের প্রয়োজনীয়তার ওপর তিনি গুরুত্বারোপ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ আসাদ)

## ক্ষেপণাস্ত্র হামলার আতঙ্কে হরমুজ প্রণালি থেকে ফিরে গেল বাংলাদেশি জাহাজ

বাংলাদেশে ফিরতে যাত্রা করেও ক্ষেপণাস্ত্র হামলার আতঙ্কে ফের পারস্য উপসাগরে আগের অবস্থানে ফিরে গেছে বাংলাদেশ শিপিং করপোরেশনের জাহাজ এমভি বাংলার জয়যাত্রা। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে ইরানের যুদ্ধ শুরুর পর হরমুজ প্রণালির ভেতরে আটকা পড়েছিল জাহাজটি। গত বৃহস্পতিবার জাহাজটি বাংলাদেশে আসার জন্য হরমুজ প্রণালি অতিক্রম করার চেষ্টা করে ব্যর্থ হয়। গত ১১ মার্চ সংযুক্ত আরব আমিরাতে জেবেল আলী বন্দরে পণ্য খালাস শেষ করে যুদ্ধের কারণে আটকা পড়ে। জাহাজটিতে বর্তমানে ৩১ জন বাংলাদেশি নাবিক রয়েছেন। বৈশ্বিক জাহাজ ট্র্যাকিং প্রতিষ্ঠান মেরিন ট্রাফিকের ওয়েবসাইটে দেখা যায়, বিএসসির মালিকানাধীন জাহাজটি এখন সংযুক্ত আরব আমিরাতের পারস্য উপসাগরের শারজা উপকূলের বহির্নোঙর এলাকায় অবস্থান করছে। বিএসসি সূত্রে জানা গেছে, `বাংলার জয়যাত্রা, জাহাজটি ভারত থেকে পণ্য নিয়ে গত ২ ফেব্রুয়ারি হরমুজ প্রণালি পেরিয়ে পারস্য উপসাগরে প্রবেশ করে। পরে কাতারের একটি বন্দর থেকে স্টিল কয়েল বোঝাই করে ২৭ ফেব্রুয়ারি জেবেল আলী বন্দরে পৌঁছায়। এর পরদিনই ইরানে হামলা চালায় যুক্তরাষ্ট্র ও ইসরায়েল। ইরান মধ্যপ্রাচ্যের বিভিন্ন স্থানে আমেরিকা ও ইসরায়েলের স্বার্থসংশ্লিষ্ট স্থাপনায় হামলা শুরু করে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ আসাদ)

## রাষ্ট্রপতির ভাষণ শুনতে না চাইলেও ৫০ ঘণ্টার আলোচনা চায় বিরোধীদল

জামায়াতে ইসলামী রাষ্ট্রপতির ভাষণের ওপর ৫০ ঘণ্টার আলোচনা প্রস্তাব করেছে বলে জানিয়েছেন, সরকারি দলের সংসদ সদস্য ও স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। রোববার ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের দ্বিতীয় দিনে তিনি এ কথা বলেন। সালাহউদ্দিন আহমদ বলেন, আমাদের বিরোধীদলীয় বন্ধুরা ভাষণ শুনতে চাননি, চলে গেছেন ভালো কথা, কিন্তু সেই ভাষণের ওপর আলোচনার জন্য তারা গতকাল ৫০ ঘণ্টা প্রস্তাব করেছেন। তিনি বলেন, এখন যদি রাষ্ট্রপতির ভাষণের ওপর ৫০ ঘণ্টা আলোচনা হয় ভালো, তবে সংখ্যানুপাতে আমরা সময় বরাদ্দ করব, এটাকে আমরা অ্যাপ্রিশিয়েট করি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ আসাদ)

## ওকালতি করি তো, তাই `মাই লর্ড, শব্দটা মুখে চলে : স্পিকারকে প্রতিমন্ত্রী

জাতীয় সংসদের দ্বিতীয় দিনের অধিবেশনে তখন প্রশ্নোত্তর পর্ব চলছিল। স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ সমাজকল্যাণ এবং নারী ও শিশুবিষয়ক মন্ত্রী ডা. এ জেড জাহিদ হোসেনকে খুঁজছিলেন। তিনি অনুপস্থিত থাকায় উঠে দাঁড়ান সমাজকল্যাণ প্রতিমন্ত্রী ফারজানা শারমিন পুতুল। প্রশ্নোত্তর পর্বের শুরুতেই তিনি স্পিকারকে `মাননীয় স্পিকারের জায়গায় `মাই লর্ড, বলে সম্বোধন করেন। পরে এ নিয়ে দুঃখ প্রকাশও করেন পেশায় আইনজীবী এ সংসদ সদস্য। রোববার জাতীয় সংসদ অধিবেশনের প্রশ্নোত্তর পর্বে এমন ঘটনার পর প্রতিমন্ত্রী এ নিয়ে দুঃখ প্রকাশ করে বলেন, ”মাননীয় স্পিকার, আমি দুঃখ প্রকাশ করছি। কয়েকবার `মাই লর্ড, বলে ফেলেছি। ওকালতি করতে করতে `মাই লর্ড, শব্দটা মুখে চলে আসে। আই এম রিয়েলি সরি ফর দ্যাট।„ এদিন কুষ্টিয়া-১ আসনের সংসদ সদস্য রেজা আহাম্মেদ চৌধুরীর এক সম্পূরক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী পুতুল বলেন, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতাভুক্ত ভাতা সরবরাহ পর্যায়ে নানান অনিয়মের খবর পাওয়া যায়। অনেকের কাছে টাকা দাবি করা হয়। এটি অবশ্যই একটা দুর্নীতি। সরবরাহ কার্যক্রমের বিষয়টি যতটা সম্ভব স্বচ্ছতার মধ্যে নিয়ে আসার চেষ্টা থাকবে। তিনি বলেন, সরকার `ফ্যামিলি কার্ড, নামে বড়ো একটা প্রকল্প নিয়েছে। ক্রমান্বয়ে সমন্বিত পদ্ধতির মাধ্যমে সব সুবিধাভোগীকে একটা পরিবারের আওতায় নিয়ে আসার চেষ্টা করা হবে। `বর্তমানে দেশে অত্যন্ত ভঙ্গুর অর্থনৈতিক অবস্থা বিরাজ করছে। এর থেকে দেশকে যেমন উঠিয়ে দাঁড় করাতে হবে, তেমনই সুবিধাভোগীরা যেন উপকৃত হয়, সেটাও দেখতে হবে,, যোগ করেন প্রতিমন্ত্রী। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ আসাদ)

## সংসদে দেখে দেখে পড়া অনুমোদিত না : স্পিকার

সংসদে দেখে দেখে পড়া অ্যালাউড না বলে জানিয়েছেন স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম। রোববার জাতীয় সংসদের অধিবেশনে জামায়াতের সংসদ সদস্য মাসুদ বিন সাঈদী ও ইসলামী আন্দোলনের এমপি অলি উল্লাহকে উদ্দেশ্য করে এ কথা বলেন স্পিকার। এর আগে, রাষ্ট্রপতির ভাষণের ওপর আলোচনায় অংশ নিয়ে এ দুইজন সংসদ সদস্য কাগজ দেখে দেখে পুরো বক্তব্য দেন। মাসুদ বিন সাঈদীকে উদ্দেশ্য করে স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বলেন, আমি আপনাকে বিনয়ের সঙ্গে বলছি, সংসদে দেখে দেখে বলা অ্যালাউড না। আপনি নোট রাখবেন। একবার দেখবেন, পরে হাউজের দিকে তাকিয়ে বক্তব্য দেবেন, এটাই আশা করি, এটাই সংসদের রেওয়াজ। অলি উল্লাহকে উদ্দেশ্য করে স্পিকার বলেন, আপনিও আপনার পূর্ববর্তী বক্তার মতো দেখে দেখে পড়েছেন। সংসদে এটা অ্যালাউড না। সংসদে না দেখে বলার অভ্যাস করেন। এটা সংসদের রেওয়াজ। সবার মান্য করা উচিত। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ আসাদ)

## ৯ হাজার ধর্মীয় শিক্ষক নিয়োগ দেওয়া হবে : শিক্ষামন্ত্রী

দেশে ৯ হাজার ধর্মীয় শিক্ষক নিয়োগ দেওয়া হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। রোববার জাতীয় সংসদের অধিবেশনে বিএনপি দলীয় সংসদ সদস্য মনিরুল হক চৌধুরীর সম্পূরক প্রশ্নের জবাবে এ তথ্য জানান শিক্ষামন্ত্রী। স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে সংসদের বৈঠক শুরু হলে প্রথমে প্রশ্নোত্তর অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী আরও বলেন, ”নিয়োগের যোগ্যতা ও সনদ নিয়ে একটি জটিলতা রয়েছে। আশা করছি, এটি কাটিয়ে শিগ্গিরই আমরা এই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে সক্ষম হবো। এক্ষেত্রে কারিআনা পাশধারীদের নিয়োগের ব্যবস্থা করা হবে। ইসলাম ধর্মের পাশাপাশি, অন্যান্য ধর্মকে প্রাধান্য নিয়ে আমরা কাজ এগিয়ে নিয়ে যাচ্ছি।„
(জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ আসাদ)

## তেলের জন্য আইএমএফ-বিশ্বব্যাংক থেকে অর্থ জোগানের চেষ্টা করবো

জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দে সরকার কোনো কার্পণ্য করবে না বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর। সেই সঙ্গে তিনি বলেছেন, এজন্য আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ) ও বিশ্বব্যাংকের মতো প্রতিষ্ঠান থেকে অর্থ জোগানের চেষ্টা করা হবে। রোববার (১৫ মার্চ) সচিবালয়ে অর্থ মন্ত্রণালয়ে নিজ কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে উপদেষ্টা এসব কথা বলেন। তিনি বলেন, জ্বালানি তেলের অর্থের জোগান নিশ্চিত করতে প্রয়োজন হলে আন্তর্জাতিক বিভিন্ন সংস্থা থেকে ঋণের উদ্যোগ নেওয়া হবে। ড. তিতুমীর জানান, জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা এ মুহূর্তে সরকারের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই প্রয়োজনীয় অর্থের জোগান দিতে বিভিন্ন খাত থেকে ব্যয় কমিয়ে জ্বালানি কেনার জন্য বরাদ্দ দেওয়া হচ্ছে। পাশাপাশি, আন্তর্জাতিক উন্নয়ন সংস্থাগুলোর কাছ থেকেও স্বল্প সুদে ঋণ নেওয়ার বিষয়টি বিবেচনায় রাখা হচ্ছে। তিনি বলেন, ”জ্বালানি তেলের অর্থ জোগানের জন্য আমরা যে-কোনো জায়গা থেকেই চেষ্টা করবো। সেটা আইএমএফ, এডিবি বা বিশ্বব্যাংক যেখান থেকেই হোক না কেন, আমরা চেষ্টা করছি যত কম সুদে ঋণ নেওয়া যায়।„
(জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ রিহাব)

## শাহ আমানতে বাড়ছে বাতিল আন্তর্জাতিক ফ্লাইটের সংখ্যা

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতির প্রভাবে চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে বাড়ছে বাতিল আন্তর্জাতিক ফ্লাইটের সংখ্যা। তালিকায় সর্বশেষ যোগ হয়েছে চারটি ফ্লাইট। রোববার সন্ধ্যা ৭টার দিকে বিমানবন্দর কর্তৃপক্ষের জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ ইব্রাহীম খলিল বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেন। বিমানবন্দর সূত্র জানায়, দুবাই, আবুধাবি ও শারজাহর এয়ারফিল্ড এখনো সীমিত পরিসরে পরিচালিত হচ্ছে। সেই সঙ্গে দোহা এয়ারফিল্ড সম্পূর্ণ বন্ধ থাকায় ফ্লাইট পরিচালনায় প্রভাব পড়ছে। এর ফলে বিমান বাংলাদেশ এয়ারলাইনসের শারজাহ থেকে আসার একটি ও আবুধাবি যাওয়ার একটি ফ্লাইট বাতিল করা হয়েছে। একইসঙ্গে ইউএস-বাংলা এয়ারলাইনসের দুবাই থেকে আসার একটি এবং সেখানে যাওয়ার একটি ফ্লাইট বাতিল হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ রিহাব)

## এবারও বাড়েনি ˋবিশেষ ট্রেন„ ভোগান্তির আশঙ্কা

ঈদ ঘিরে ঘরমুখো মানুষের চাপ সামাল দিতে প্রতিবছরই ˋবিশেষ ট্রেন, পরিচালনা করে বাংলাদেশ রেলওয়ে। সাম্প্রতিক বছরগুলোর তথ্য বিশ্লেষণে দেখা যায়, ঈদযাত্রায় বিশেষ ট্রেনের সংখ্যা কখনও এক রকম থাকে না। প্রতিবারই সেটা ওঠানামা করে, অর্থাৎ কম-বেশি হয়। আসন্ন ঈদুল ফিতরের ঈদযাত্রায় বিশেষ ট্রেনের সংখ্যা বাড়ানো হয়নি। গত বছরের মতোই রাখা হয়েছে পাঁচ জোড়া বিশেষ ট্রেন। বিশেষ ট্রেনের সংখ্যা কম থাকায় ঈদযাত্রায় সাধারণ মানুষের দুর্ভোগ পোহাতে হতে পারে বলে মনে করছেন সাধারণ যাত্রীরা। তারা বলছেন, ঈদকে কেন্দ্র করে ট্রেনে এমনিতেই যাত্রী চাপ বাড়ে। শেষ মুহূর্তে এত বেশি ভিড় হয় যে, টিকিট সংগ্রহ করা যাত্রীরাও অনেক সময় নিজ আসন পর্যন্ত পৌঁছাতে পারেন না। শেষ মুহূর্তের ঈদযাত্রায় ছাদেও ভ্রমণ করতে দেখা যায়। তবে গত কয়েক বছরের তুলনায় এবার স্পেশাল ট্রেনের সংখ্যা কমানোর কারণে যাত্রীদের ভোগান্তি বাড়তে পারে। রেল কর্মকর্তারা বলছেন, গত কয়েক বছরে ঈদের ছুটিতে ভিন্নতা আসায় স্পেশাল ট্রেনের যাত্রী সংখ্যা কমেছে। এছাড়া লোকোমোটিভ বা ইঞ্জিন সংকটের কারণে অনেক ট্রেন চালানো যাচ্ছে না। সব দিক বিবেচনা করে এবারও বিশেষ ট্রেনের সংখ্যা কমেছে। তবে যোগাযোগ বিশেষজ্ঞরা বলছেন, রেলে সময় উপযোগী পরিকল্পনার অভাবে কাঙ্ক্ষিত যাত্রীসেবা মিলছে না। একদিকে যাত্রীসংখ্যা যেমন বাড়ছে, বিপরীতে কমানো হচ্ছে ট্রেন সংখ্যা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ রিহাব)

## ঢাবিতে তোফাজ্জলকে পিটিয়ে হত্যা; আদালত থেকে পালালেন আসামি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক মুসলিম হলে চোর সন্দেহে মানসিক ভারসাম্যহীন যুবক তোফাজ্জলকে পিটিয়ে হত্যার ঘটনায় অভিযুক্ত শিক্ষার্থী রাশেদ কামাল অনিক আত্মসমর্পণের আবেদন করতে এসে আদালত থেকে পালিয়ে গেছেন। রোববার (১৫ মার্চ) ঢাকার মহানগর হাকিম আদালতে আইনজীবীর মাধ্যমে আত্মসমর্পণের আবেদন জমা দেন তিনি। তবে আবেদনটি শুনানির অপেক্ষায় থাকা অবস্থায় আদালত প্রাঙ্গণ থেকে সটকে পড়েন বলে আদালত সংশ্লিষ্ট সূত্রে

জানা গেছে। জানা যায়, প্রায় দেড় বছর আগে সংঘটিত আলোচিত এই হত্যাকাণ্ডের অন্যতম আসামি রাশেদ কামাল অনিক আদালতে আত্মসমর্পণের উদ্যোগ নেন। কিন্তু আনুষ্ঠানিক শুনানি শুরুর আগেই তিনি আদালত এলাকা ত্যাগ করেন। এর আগে, গত ১০ মার্চ তোফাজ্জল হোসেন হত্যা মামলায় ২৮ জনের বিরুদ্ধে অভিযোগপত্র গ্রহণ করেন আদালত। একইসঙ্গে পলাতক থাকায় ২২ শিক্ষার্থীর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ রিহাব)

## নাসা গ্রুপের নজরুলকে হত্যাচেষ্টা মামলায় গ্রেফতার দেখানো হলো

রাজধানীর ভাটারা থানায় দায়ের করা হত্যাচেষ্টা মামলায় নাসা গ্রুপের চেয়ারম্যান নজরুল ইসলাম মজুমদারকে গ্রেফতার দেখানোর অনুমতি দিয়েছেন আদালত। রোববার (১৫ মার্চ) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মোহাম্মদ এহসানুল ইসলামের আদালত পুলিশের আবেদনের পরিপ্রেক্ষিতে এ আদেশ দেন। আসামিপক্ষের আইনজীবী সাইদুর ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, নজরুল ইসলাম মজুমদারের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগে এরই মধ্যে ২০টির বেশি মামলা রয়েছে। মামলার তদন্ত কর্মকর্তা ভাটারা থানার উপ-পরিদর্শক (এসআই) মো. হাফিজুর রহমান গত ১১ মার্চ তাকে এই মামলায় গ্রেফতার দেখানোর আবেদন করেন। আবেদনে উল্লেখ করা হয়, জুলাই আন্দোলনের সময় হত্যার উদ্দেশ্যে ছুরিকাঘাত ও গুলি চালিয়ে কয়েকজনকে আহত করার ঘটনায় নজরুল ইসলাম মজুমদারের সম্পৃক্ততার প্রমাণ পাওয়া গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ রিহাব)

## ঢাকায় খালেদা জিয়ার গাড়ি বহরে হামলা; সাবেক কাউন্সিলর মিন্টু রিমান্ডে

সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার গাড়ি বহরে হামলার মামলায় ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের ৪০ নম্বর ওয়ার্ডের সাবেক কাউন্সিলর আবুল কালাম আজাদ মিন্টুকে দু-দিনের রিমান্ডে দিয়েছেন আদালত। রোববার (১৫ মার্চ) ঢাকার মহানগর হাকিম জুয়েল রানা শুনানি শেষে এ আদেশ দেন। এদিন মিন্টুকে আদালতে হাজির করা হলে মামলার তদন্ত কর্মকর্তা শাহবাগ থানার উপ-পরিদর্শক (এসআই) হাসানুজ্জামান তাকে গ্রেফতার দেখিয়ে জিজ্ঞাসাবাদের জন্য সাতদিনের রিমান্ড আবেদন করেন। অন্যদিকে, আসামিপক্ষের আইনজীবী রিমান্ড আবেদন নামঞ্জুর করে মিন্টুর জামিনের আবেদন করেন। তবে রাষ্ট্রপক্ষ জামিনের বিরোধিতা করে রিমান্ড মঞ্জুরের পক্ষে যুক্তি উপস্থাপন করে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ রিহাব)

## ট্রাইব্যুনালের স্বচ্ছতায় কোনো ছাড় নয় : চিফ প্রসিকিউটর

ট্রাইব্যুনালের স্বচ্ছতায় কোনো ছাড় দেওয়া হবে না বলে জানিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম। রোববার (১৫ মার্চ) দুপুরে, অনৈতিক কর্মকাণ্ডের তথ্য উদ্‌ঘাটনে গঠিত ফ্যাক্টস ফাইন্ডিং কমিটির দ্বিতীয় বৈঠকের আগে তিনি সাংবাদিকদের সঙ্গে এমন কথা বলেন। চিফ প্রসিকিউটর বলেন, ট্রাইব্যুনালের বিচারের স্বচ্ছতার স্বার্থে যা যা করণীয় এবং যে পদক্ষেপ প্রয়োজন, সবই নেওয়া হবে। বিতর্কের জন্ম দিতে পারে, এমন কোনো কাজ থেকে বিরত থাকার চেষ্টা করা হবে। তিনি বলেন, প্রত্যেক মানুষের ক্ষেত্রে যেন ন্যায়বিচার নিশ্চিত করা যায়, সে চেষ্টা করা হবে। কোনো নির্দোষ ব্যক্তি যেন হয়রানির শিকার না হন এবং কোনো অপরাধী যেন পার পেয়ে না যান, এই লক্ষ্য থেকেই ট্রাইব্যুনালের স্বচ্ছতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ভাবমূর্তি রক্ষায় কোনো ছাড় দেওয়া হবে না। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ রিহাব)

## ৫ জেলায় নতুন ডিসি

পাঁচ জেলায় নতুন জেলা প্রশাসককে (ডিসি) নিয়োগ দিয়েছে সরকার। গাজীপুর, পঞ্চগড়, কুষ্টিয়া, নেত্রকোণা ও চাঁপাইনবাবগঞ্জে নতুন ডিসি নিয়োগ দিয়ে রোববার (১৫ মার্চ) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। বিএনপি সরকার গঠনের পর গত ১ মার্চ এ পাঁচ জেলার জেলা প্রশাসককে প্রত্যাহার করা হয়। প্রত্যাহার করা উপ-সচিব পদমর্যাদার ডিসিদের পরবর্তী পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়েছিল। স্থানীয় সরকার বিভাগের উপসচিব মো. নূরুল করিম ভূঁইয়াকে গাজীপুর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের পরিচালক (উপসচিব) আবু ছালেহ মো. মুসা জঙ্গীকে চাঁপাইনবাবগঞ্জ, বাণিজ্য মন্ত্রণালয়ের উপসচিব শুকরিয়া পারভীনকে পঞ্চগড়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব মো. তৌহিদ বিন-হাসানকে কুষ্টিয়া এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের উপসচিব খন্দকার মুশফিকুর রহমানকে নেত্রকোণা জেলার জেলা প্রশাসক নিয়োগ দেওয়া হয়েছে। সরকারের উপ-সচিব পদ মর্যাদার কর্মকর্তাদের জেলা প্রশাসক নিয়োগ দেওয়া হয়। জেলা পর্যায়ে ডিসি কেন্দ্রীয় সরকারের প্রতিনিধিত্ব করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ রিহাব)

## শপিং ব্যাগের দাম নেওয়া বন্ধে আড়ংকে লিগ্যাল নোটিশ

শপিংয়ের পর ব্যাগের জন্য ক্রেতার কাছ থেকে অতিরিক্ত অর্থ আদায় বন্ধে লাইফস্টাইল ব্র্যান্ড আড়ংয়ের প্রতি লিগ্যাল নোটিশ পাঠানো হয়েছে। নোটিশে শপিং ব্যাগের দাম হিসেবে ক্রেতাদের কাছ থেকে অতিরিক্ত অর্থ আদায় বন্ধে ব্যবস্থা গ্রহণ ও আড়ংয়ে ভোক্তা অধিকার সংরক্ষণে মোবাইল কোর্ট পরিচালনার দাবি জানানো হয়েছে। রোববার (১৫ মার্চ)

সুপ্রিম কোর্টের আইনজীবী সাদ্দাম হোসেন অভি জনস্বার্থে এই লিগ্যাল নোটিশ পাঠান। তিনি বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেন। রেজিস্ট্রি ডাকযোগে পাঠানো লিগ্যাল নোটিশে শিল্প ও বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক ও আড়ংয়ের ব্যবস্থাপনা পরিচালককে বিবাদী করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ রিহাব)

## সোমবার থেকে বিমানবন্দর স্টেশনে থামবে না ঢাকাগামী ৯ ট্রেন

দেশের বিভিন্ন অঞ্চল থেকে ঢাকাগামী নয়টি ট্রেন সোমবার (১৬ মার্চ) থেকে ঈদের আগের দিন পর্যন্ত বিমানবন্দর স্টেশনে যাত্রাবিরতি করবে না। সম্প্রতি ঈদযাত্রা নিয়ে এক বৈঠকে এ সিদ্ধান্ত নেয় বাংলাদেশ রেলওয়ে। না থামা ট্রেনগুলো হলো- একতা, দ্রুতযান, পঞ্চগড়, নীলসাগর, কুড়িগ্রাম, লালমনি, রংপুর, চিলাহাটি ও বুড়িমারী এক্সপ্রেস। এছাড়া, রেলওয়ের সিদ্ধান্ত অনুযায়ী ঈদযাত্রায় সুন্দরবন, মধুমতি, বেনাপোল, জাহানাবাদ ও রূপসী বাংলা এক্সপ্রেস এবং নকশীকাঁথা কমিউটার ট্রেন ঢাকা বিমানবন্দর স্টেশনের শহরতলি প্ল্যাটফর্ম থেকে পরিচালনা করা হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ রিহাব)

## সোমবার থেকে জ্বালানি সরবরাহ স্বাভাবিক হবে, আশা পাম্প মালিক সমিতির

জ্বালানি তেল সরবরাহের ক্ষেত্রে রেশনিং পদ্ধতি তুলে দেওয়ায় আগামীকাল সোমবার থেকে দেশে জ্বালানি সরবরাহ স্বাভাবিক হবে বলে আশা করছে বাংলাদেশ পেট্রোলিয়াম ডিলার্স, ডিস্ট্রিবিউটরস, এজেন্টস অ্যান্ড পেট্রোল পাম্প ওনার্স অ্যাসোসিয়েশন। রোববার (১৫ মার্চ) সচিবালয়ে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিতের সঙ্গে বৈঠকে এ বিষয়ে তারা আশ্বস্ত হয়েছেন বলে জাগো নিউজকে জানিয়েছেন, সংগঠনটির আহ্বায়ক সৈয়দ সাজ্জাদুল করিম। তিনি বলেন, জ্বালানি তেল সরবরাহে রেশনিং পদ্ধতি তুলে দিয়েছে সরকার। আজ মন্ত্রণালয়ে প্রতিমন্ত্রীর সঙ্গে আমাদের একটি বৈঠক হয়েছে। বৈঠকে জ্বালানি তেল সরবরাহে রেশনিং তেল তুলে দেওয়ার বিষয়ে সরকার জানিয়েছে। তিনি বলেন, সরকারের পক্ষ থেকে আমরা আশ্বস্ত হয়েছি, পাম্পের চাহিদা অনুযায়ী জ্বালানি সরবরাহ করা হবে। পুরোপুরি স্বাভাবিক হতে হয়ত কয়েকদিন সময় লাগতে পারে। তবে কাল (সোমবার) থেকে স্বাভাবিক হচ্ছে এটি বলা যায়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ রিহাব)

## ঢাকাসহ বিভিন্ন স্থানে বজ্রসহ শিলাবৃষ্টির আভাস

দেশের বিভিন্ন স্থানে গত কয়েকদিন বিক্ষিপ্তভাবে বজ্রসহ বৃষ্টি হচ্ছে। গতকাল শনিবারও সিলেটে ৭৯ মিলিমিটার বৃষ্টি হয়। এছাড়া কিশোরগঞ্জের নিকলীসহ কয়েক জেলায় ছিটাফোঁটা বৃষ্টি হয়েছে। মাসের বাকি দিনগুলোতেও এই বৃষ্টিপাত অব্যাহত থাকবে। রোববার (১৫ মার্চ) সন্ধ্যায় আবহাওয়া অফিসের নিয়মিত পূর্বাভাসে বলা হয়, আগামী ২৪ ঘণ্টায় রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দু,এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে জানায় আবহাওয়া অফিস। আবহাওয়া অফিস জানিয়েছে, এখন যে বিচ্ছিন্নভাবে বৃষ্টি হচ্ছে, এটা বর্ষা আসার পূর্ব মুহূর্তে হয়ে থাকে। এর সঙ্গে জড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানো থাকে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ রিহাব)

## ভোজ্যতেল নিয়ে আতঙ্কিত হওয়ার কারণ নেইঃ বাণিজ্যমন্ত্রী

দেশে ভোজ্যতেলের সরবরাহ স্বাভাবিক রয়েছে বলে জানিয়েছেন বাণিজ্য, শিল্প, বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আবদুল মুক্তাদির। তিনি বলেন, বাজারে তেলের কোনো ঘাটতি নেই, কোথাও কোথাও খুচরা পর্যায়ে কৃত্রিম সংকট তৈরি করা হলেও, সেটিকে সামগ্রিক পরিস্থিতি হিসেবে দেখার সুযোগ নেই। তিনি আরও বলেন, ভোক্তাদের যেন অযথা আতঙ্কিত হতে না হয় এবং প্রয়োজনীয় পণ্য তাদের ক্রয়ক্ষমতার মধ্যে থাকে, সেই লক্ষ্যেই সরকার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে প্রস্তুত। রোববার (১৫ মার্চ) দুপুরে খাতুনগঞ্জ পাইকারি বাজার পরিদর্শন শেষে খাতুনগঞ্জ ট্রেড অ্যান্ড ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশনের সম্মেলন কক্ষে আয়োজিত `মধ্যপ্রাচ্য সংঘাত : ভোগ্যপণ্য সরবরাহ ও মূল্য পরিস্থিতি সংক্রান্ত পর্যালোচনা, শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। বাণিজ্যমন্ত্রী বলেন, আন্তর্জাতিক অঙ্গনে সংঘাত বা অস্থিরতা তৈরি হলে বিশ্ববাজারে পণ্যের সরবরাহে চাপ পড়তে পারে এবং এর প্রভাবে দাম বাড়ার প্রবণতা দেখা দিতে পারে। তবে পরিস্থিতি মোকাবিলায় সরকার সতর্ক।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ রিহাব)

## চট্টগ্রাম বন্দরসহ ৩ প্রতিষ্ঠানে দুর্নীতির অভিযোগ, অনুসন্ধানে দুদক

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ শিপিং করপোরেশন (বিএসসি) ও মোংলা বন্দর কর্তৃপক্ষের একাধিক প্রকল্প, চুক্তি ও নিয়োগ প্রক্রিয়ায় অনিয়ম ও দুর্নীতির অভিযোগ উঠেছে। বিষয়টি নিয়ে অনুসন্ধান শুরু করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। এ লক্ষ্যে চার সদস্যের অনুসন্ধান দল গঠন করা হয়েছে। রোববার (১৫ মার্চ) দুদকের একটি সূত্র জাগো নিউজকে তা নিশ্চিত করেন। সূত্র জানায়, তিন প্রতিষ্ঠানের বিরুদ্ধে দুদকে আসা একটি লিখিত অভিযোগ আমলে নিয়ে

গত ১১ জানুয়ারি অনুসন্ধানের সিদ্ধান্ত নেয় দুদক। এজন্য গত ৫ মার্চ কমিশন চার সদস্যের অনুসন্ধান দল গঠন করে। দলের নেতৃত্ব দিচ্ছেন দুদকের উপ-পরিচালক মো. নাজমুচ্ছায়াদাত। অভিযোগে বলা হয়, বিভিন্ন উন্মুক্ত উৎসের তথ্য, সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের নথিপত্র, অভ্যন্তরীণ নথি ও নির্ভরযোগ্য ব্যক্তিগত উৎস থেকে তথ্য সংগ্রহ করে প্রাথমিক বিশ্লেষণ করা হয়। এতে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ শিপিং করপোরেশন ও মোংলা বন্দর সংশ্লিষ্ট একাধিক প্রকল্প, চুক্তি ও নিয়োগ প্রক্রিয়ায় গুরুতর কাঠামোগত অনিয়ম, সিদ্ধান্ত গ্রহণে অস্বচ্ছতা ও অস্বাভাবিক আর্থিক লেনদেনের ইঙ্গিত পাওয়া যায়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ রিহাব)

## পুলিশের ভুল ধরিয়ে দিলে সংশোধনের চেষ্টা করবে : ডিএমপি কমিশনার

পুলিশ ও সাংবাদিকদের মধ্যে বিদ্যমান সুসম্পর্ক ও সমন্বয় ভবিষ্যতে আরও বৃদ্ধি পাবে বলে আশা প্রকাশ করেছেন ডিএমপি কমিশনার (ভারপ্রাপ্ত) মো. সারওয়ার। তিনি বলেন, কাজের ক্ষেত্রে কোনো ভুলত্রুটি থাকলে তা ধরিয়ে দিলে পুলিশ তা সংশোধনের চেষ্টা করবে। রোববার (১৫ মার্চ) ডিআরইউয়ের শফিকুল কবির মিলনায়তনে বাংলাদেশ ক্রাইম রিপোর্টারস অ্যাসোসিয়েশন (ক্র্যাব) আয়োজিত ইফতার ও দোয়া মাহফিলে বিশেষ অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ডিএমপি কমিশনার বলেন, গত ১৭ বছর আমরা মাঠের বিভিন্ন সাইডে কাজ করেছি। ট্যুরিস্ট পুলিশ বা নৌপুলিশসহ বিভিন্ন ইউনিটে থাকাকালীন সাংবাদিকদের সঙ্গে সেভাবে দেখা বা কথা হওয়ার সুযোগ হয়নি। তবে ডিএমপিতে আসার পর সাংবাদিকদের সঙ্গে যে মিথস্ক্রিয়া হয়েছে, তা অত্যন্ত ইতিবাচক। তিনি আরও বলেন, আপনারা পুলিশের নিউজগুলো ইতিবাচকভাবে কাভার করছেন। কোনো কোনো ক্ষেত্রে পুলিশের কোনো বিষয়ে সমস্যা থাকলে আপনারা আমাদের কানে কানে বললে আমরা তা সংশোধনের চেষ্টা করছি। আশা করি, আমাদের এই সমন্বয় বা সম্পর্ক আরও উন্নত হবে এবং কোনো ভুল বোঝাবুঝি থাকবে না। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ রিহাব)

## সাভার ও কুমিল্লা সেনানিবাস সফর করলেন সেনাপ্রধান

সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান সাভার এবং কুমিল্লা সেনানিবাসে সংক্ষিপ্ত সফর করেছেন। রোববার (১৫ মার্চ) তিনি এ সফর করেন বলে সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)। আইএসপিআর জানায়, সফরকালে সেনাপ্রধান প্রথমে সাভার সেনানিবাস সংলগ্ন আর্মি ইনস্টিটিউট অব ফিজিওথেরাপি অ্যান্ড রিহ্যাবিলিটেশনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ২০০ শয্যাবিশিষ্ট এ প্রতিষ্ঠানে স্নায়ুরোগ ও পক্ষাঘাতগ্রস্ত ব্যক্তি, বিশেষ চাহিদাসম্পন্ন শিশু, অভিযানিক দায়িত্বে ও বিভিন্ন দুর্ঘটনায় আহত ব্যক্তিদের প্রচলিত ফিজিওথেরাপি, অকুপেশনাল থেরাপি, স্পিচ ও ল্যাঙ্গুয়েজ থেরাপির পাশাপাশি, আধুনিক রোবোটিক রিহ্যাবিলিটেশন চিকিৎসাসেবা দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে। পরবর্তীতে, সেনাপ্রধান কুমিল্লা সেনানিবাসের কাছে অবস্থিত আর্মি মেডিক্যাল কলেজের নবনির্মিত স্থায়ী ক্যাম্পাস উদ্বোধন এবং ৫০০ শয্যাবিশিষ্ট আর্মি মেডিক্যাল কলেজ হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ রিহাব)

## সংবিধান সংস্কার পরিষদের সমাধান সংসদ না হলে রাজপথে যেতে বাধ্য হবো : শফিকুর রহমান

জুলাই সনদ ও সংবিধান সংস্কার পরিষদ অধিবেশন নিয়ে সৃষ্ট জটিলতার সমাধান সংসদেই করতে হবে বলে মন্তব্য করছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি বলেছেন, এর সমাধান সংসদে না হলে রাজপথে আন্দোলনে যেতে বাধ্য হবো। রোববার (১৫ মার্চ) জাতীয় সংসদ অধিবেশন শেষে প্রেস ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন। জামায়াত আমির বলেন, সংবিধান সংস্কার পরিষদের অধিবেশনের বিষয়ে আমরা এখন নোটিশ করবো। নোটিশ করে সংসদের ভেতরেই এর সমাধান করতে চাই। কিন্তু কোনো কারণে যদি সংসদে জনগণের এই প্রত্যাশার বাস্তবায়ন না পাই, তখন স্বাভাবিকভাবেই আমাদেরকে রাজপথে আন্দোলনে যেতে হবে। কিন্তু আমরা ওটা চাইনি। আজকে যেহেতু বিষয়টি উত্থাপন করেছি, স্পিকার যেহেতু এটা বিবেচনায় নিয়েছেন, নোটিশ দিতে বলেছেন, সেই ধারাবাহিকতায় এটা চলতে পারে। সাংবাদিকদের প্রশ্নের জবাবে বিরোধীদলীয় নেতা বলেন, আমরা এটা উপদেষ্টার বৈঠকের বিষয় মনে করি না। আমরা মনে করি হাউজের বিষয়, হাউজেই এটার সমাধান হোক। তারপরে যদি তারা (সরকার পক্ষ) কথা উঠান, আমরা তখন দেখব।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ রিহাব)

## রাষ্ট্রপতিকে বহাল রাখা সন্দেহজনক : আখতার হোসেন

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্যসচিব ও রংপুর-৪ আসনের সংসদ সদস্য আখতার হোসেন বলেছেন, নির্বাচিত সরকার আসার পরও রাষ্ট্রপতিকে পদে বহাল রাখা সন্দেহজনক। রোববার (১৫ মার্চ) এনসিপির পেশাজীবী অঙ্গসংগঠন ন্যাশনাল প্রফেশনাল অ্যালায়েন্সের ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সন্ধ্যায় রাজধানীর বিজয় সরণি এলাকায় অনুষ্ঠানটির আয়োজন করা হয়। আখতার বলেন, ”এখনো কোন প্রেক্ষাপটে তাকে (রাষ্ট্রপতি) পদে রাখা হয়েছে, আমরা জানতে চাই। কারণ তিনি বিগত ফ্যাসিবাদী সরকারের অন্যতম সহযোগী। তাকে

অবিলম্বে অভিশংসনের আওতায় আনতে হবে।„ এনসিপির সদস্যসচিব অভিযোগ করেন, বর্তমান সরকার সংবিধানের দোহাই দিয়ে ফ্যাসিবাদ ফিরিয়ে আনতে চায়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ রিহাব)

## সিঙ্গাপুর জেনারেল হাসপাতালে মির্জা আব্বাস, রাখা হয়েছে আইসিইউতে

উন্নত চিকিৎসার জন্য প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাসকে সিঙ্গাপুরে নেওয়া হয়েছে। বর্তমানে তিনি সিঙ্গাপুর জেনারেল হাসপাতালের নিউরোসায়েন্সেস বিভাগের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) তার চিকিৎসা চলছে বলে জানা গেছে। রোববার (১৫ মার্চ) রাতে বিএনপির স্বাস্থ্যবিষয়ক সম্পাদক ডা. রফিকুল ইসলাম সাংবাদিকদের এই তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, এয়ার অ্যাম্বুলেন্সে প্রায় সাড়ে তিন ঘণ্টার যাত্রা শেষে মির্জা আব্বাস নিরাপদে সিঙ্গাপুরে পৌঁছান এবং তাকে  সিঙ্গাপুর জেনারেল হসপিটালে ভর্তি করা হয়েছে। সেখানে হাসপাতালের চিকিৎসকেরা তাকে পরীক্ষা-নিরীক্ষা করেছেন এবং বর্তমানে তিনি চিকিৎসকদের তত্ত্বাবধানে রয়েছেন। রফিকুল ইসলাম আরও জানান, যাত্রাপথে তার কোনো ধরনের শারীরিক জটিলতা দেখা দেয়নি। হাসপাতালে পৌঁছানোর পর চিকিৎসকেরা প্রয়োজনীয় পরীক্ষা সম্পন্ন করেছেন এবং আইসিইউতে রেখে তার নিবিড় পর্যবেক্ষণ চলছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ রিহাব)

## ভাড়া বাসা থেকে জাবি ছাত্রীর মরদেহ উদ্ধার

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) সংলগ্ন ইসলামনগর এলাকার ভাড়া বাসা থেকে বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রীর রক্তাক্ত মরদেহ উদ্ধার করা হয়েছে। রোববার (১৫ মার্চ) বিকেলে ইসলামনগর এলাকার একটি ভাড়া বাসা থেকে মরদেহটি উদ্ধার করা হয়। নিহতের নাম শারমিন জাহান। তিনি বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের ৫১তম আবর্তনের (২০২১-২২ শিক্ষাবর্ষ) শিক্ষার্থী ছিলেন। শারমিন তার স্বামী ফাহিম আল হাসানের সঙ্গে ইসলামনগর এলাকায় একটি ভাড়া বাসায় থাকতেন। শারমিনের স্বামীর ভাষ্য অনুযায়ী, দুপুরে তিনি বাসায় ছিলেন না। দুপুর আনুমানিক ২-৩টার মধ্যে বাসায় ফিরে তিনি দেখেন প্রধান দরজা বাইরে থেকে বন্ধ। পরে বিকল্প উপায়ে ভেতরে প্রবেশ করে মেঝেতে শারমিনকে নিস্তেজ ও রক্তাক্ত অবস্থায় পড়ে থাকতে দেখেন। তার মাথায় গভীর আঘাতের চিহ্ন ছিল। পরে স্থানীয়দের সহযোগিতায় তাকে সাভারের এনাম মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ রিহাব)

## অনলাইন ট্রাভেল প্রতিষ্ঠান ফ্লাইট এক্সপার্টের ২০ ব্যাংক হিসাব জব্দ

অনলাইনে বিমানের টিকিট বুকিংয়ের নামে গ্রাহকদের কাছ থেকে অগ্রিম অর্থ নিয়ে টিকিট না দেওয়ার অভিযোগে অনলাইন ট্রাভেল প্রতিষ্ঠান ফ্লাইট এক্সপার্টের ২০টি ব্যাংক হিসাব জব্দ করার নির্দেশ দিয়েছেন আদালত। রোববার (১৫ মার্চ) ঢাকার মেট্রোপলিটন সিনিয়র স্পেশাল জজ আদালতের বিচারক সাব্বির ফয়েজ সিআইডির আবেদনের শুনানি শেষে এ আদেশ দেন। সিআইডির উপ-পুলিশ পরিদর্শক (এসআই) জহির রায়হান আদালতে এ আবেদন করেন। সংশ্লিষ্ট আদালতের বেঞ্চ সহকারী রিয়াজ হোসেন জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ রিহাব)

## খায়রুল হকের জামিন স্থগিতের আবেদন, তালিকায় থাকলেও শুনানি হয়নি

আট মাস ধরে কারাবন্দি বিচারপতি এ বি এম খায়রুল হকের দুর্নীতি দমন কমিশনের (দুদক) মামলায় হাইকোর্টের দেওয়া জামিন স্থগিত চেয়ে আপিল আবেদন করেছেন রাষ্ট্রপক্ষ। হাইকোর্টের রায়ের পর সুপ্রিম কোর্টের আপিল বিভাগের সংশ্লিষ্ট শাখায় এই আবেদন করা হয়। এ সংক্রান্ত বিষয়ে রোববার (১৫ মার্চ) আপিল বিভাগের বিচারপতি এস এম এমদাদুল হকের চেম্বার জজ আদালতে আবেদন শুনানির জন্য (কজলিস্ট) কার্যতালিকায় ছিল। তবে সেটি শুনানি হয়নি। আবেদনটি পরে আবারও (কজলিস্ট) কার্যতালিকায় এলে আপিল বিভাগের অপর চেম্বার জজ আদালতে শুনানি করতে বলেন আদালত। সংশ্লিষ্ট আইনজীবীরা বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেন। এর আগে গত ৮ মার্চ হাইকোর্টের বিচারপতি মো. খায়রুল আলম ও বিচারপতি মো. সগীর হোসেনের সমন্বয়ে গঠিত বেঞ্চ রুল নিষ্পত্তি করে জামিন মঞ্জুর করে রায় দেন। ফলে সাবেক এই প্রধান বিচারপতির মুক্তিতে আর কোনো বাধা নেই বলে জানিয়েছিলেন তার আইনজীবী। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৩.২০২৬ রিহাব)

# BBC

## UK LOOKING AT 'ANY OPTIONS' TO SECURE STRAIT OF HORMUZ: MILIBAND

The UK is looking at "any options" - including working with US and allies - to secure key oil shipping routes through the Strait of Hormuz, Ed Miliband has said. It comes after the US President Donald Trump on Saturday threatened to open the channel "one way or another" and urged countries including China, France and the UK to send warships to the waterway. The Energy Secretary told the BBC's it was "very important" that the strait was made safe for shipping, but refused to give details of options considered by the government. Iran's effective

blockage of the Strait, one of the world's most important shipping channels, has had a catastrophic impact on global supply chains and energy prices.
(BBC News Web Page: 15/03/26, FARUK)

**SAUDI ARABIA'S PRINCE SULTAN AIR BASE A TARGET FOR IRAN'S ATTACK**

Saudi Arabia's Prince Sultan Air Base (PSAB) at Al-Kharj, near the capital of Riyadh, has come under repeated missile and drone attack from Iran. The air base is home to a number of US warplanes, with the Saudi defence ministry saying it has intercepted at least 10 drones in the Riyadh and Eastern Province regions Iran's Fars news agency says it has fired a salvo missiles at the base. (BBC News Web Page: 15/03/26, FARUK)

**US ACCUSES IRAN OF MAKING FALSE CLAIMS ABOUT AIRCRAFT CARRIER**

US Central Command (Centcom) has accused the Islamic Revolutionary Guard Corps (IRGC) of spreading false claims about the aircraft carrier USS Abraham Lincoln. On its Farsi page on X, Centcom writes that the IRGC has "once again" claimed to have "disabled" the warship. "Let us be clear: the Abraham Lincoln carrier strike group continues to maintain complete dominance over Iran's airspace from the expanse of the sea," it says. The US began build up its military presence in the Middle East in the lead-up to the conflict. As well as the Lincoln, the US Navy's largest aircraft carrier, the USS Gerald Ford, is also operating in the region. It has also been widely reported in US media that the US is sending additional forces to the Gulf, including what's known as an amphibious ready group (ARG), with up to 5,000 Marines and sailors. (BBC News Web Page: 15/03/26, FARUK)

**ISRAEL ISSUES FRESH EVACUATION ORDER OF BEIRUT NEIGHBOURHOODS**

Israel has warned several neighbourhoods in southern suburbs of the Lebanese capital Beirut to evacuate "immediately" ahead of Israeli military action. IDF spokesman Avichay Adraee says the warning particularly applies to residents of Haret Hreik, Ghobeiry, Lilaki, Hadath, Burj al-Barajneh, Tahwitat al-Ghadir and Chiyah. He says the IDF will not hesitate to target "anyone found in the vicinity of Hezbollah operatives".
(BBC News Web Page: 15/03/26, FARUK)

**MOJTABA KHAMENEI 'IN GOOD HEALTH' AND 'FULLY' IN CONTROL: IRAN'S FM**

The Iranian foreign minister, Abbas Araghchi, has said in an interview with Alaraby Aljadeed that Mojtaba Khamenei is "in good health" and "fully controlling the situation". He says that Iran welcomes any "regional initiative that lead to a fair end of the war", and Hormuz is "open to everyone except US ships and US allies". Araghchi has said that "there is no particular initiative on the table so far to end the war". (BBC News Web Page: 15/03/26, FARUK)

**IRAN'S MILITARY VOWS TO 'PURSUE AND KILL' ISRAELI PM NETANYAHU**

Iran's military has vowed to kill Israel's Prime Minister Benjamin Netanyahu, state media reports. Iran's semi-official Mehr news agency reports that the IRGC - Islamic Revolution Guard Corps - will "continue to pursue and kill him with force". The IRGC also claims targets in Israel and three American bases in the region have been destroyed in its 52nd wave of attacks. (BBC News Web Page: 15/03/26, FARUK)

**TRUMP URGES UK & OTHER NATIONS TO SEND WARSHIPS TO STRAIT OF HORMUZ**

Donald Trump has urged the UK and other nations to send warships to the Strait of Hormuz to help secure the key shipping route out of the Middle East. The US president said he hoped China, France, Japan and South Korea would also send ships to the passage, where a number of tankers are said to have been attacked since the US and Israel mounted their war against Iran a fortnight ago. Responding to Trump's comments, the UK Ministry of Defence said it was discussing "a range of options to ensure the security of shipping in the region" with allies. Tehran has said it will keep blocking the Strait - the world's busiest oil shipping channel through which about 20% of world oil supplies usually pass.
(BBC News Web Page: 15/03/26, FARUK)

**:: THE END ::**